পৌরাণিক-পদ্যাবলী।

শ্রীমহেশচন্দ্র চৌধুরী প্রণীত।

ঢাকা জেলার অন্তপাতী ধামরাই নিবাসী

শ্রীশরত চন্দ্র চৌধুরী

দ্বারা প্রকাশিত।

দ্বিতীয় সংস্করণ

পরিশোধিত ও পরিবর্দ্ধিত।

উলুবেড়িয়া।

উলুবেড়িয়া দর্পণ যন্ত্রে

শ্রীচুনিলাল দাস দ্বারা মুদ্রিত

১৩০০।

দ্বিতীয়বারের বিজ্ঞাপন।

ভৌগোলিক-পদ্যাবলী দ্বিতীয়বার প্রচারিত হইল। প্রথমবারে কেবলমাত্র স্থূল স্থূল বিষয়গুলি সন্নিবেশিত হইয়াছিল। কিন্তু এবারে মধ্য ছাত্রবৃত্তি পরীক্ষার্থীগণের ভূগোলের জ্ঞাতব্য সমুদয় বিষয় সংগৃহিত হইয়াছে। বালকগণের সুখপাঠ্য করিবার জন্য পদ্যগুলি যতদূর সাধ্য সুললিত করিতে যত্ন করিয়াছি। এতদ্দ্বারা বালকবৃন্দের সংকিঞ্চিৎ উপকার দর্শিলে শ্রম সফল জ্ঞান করিব। দেশাদির নামের উচ্চারণ সম্বন্ধে অনেক স্থলেই শ্রদ্ধেয় শ্রীযুক্ত বাবু শশিভূষণ চট্টোপাধ্যায় মহাশয়ের অনুগমন করিয়াছি, তবে স্থানে স্থানে পদ্যের অনুরোধে বাধ্য হইয়া কিছু কিছু ব্যতিক্রম করিতে হইয়াছে। এই পুস্তকের সঙ্কলন বিষয়ে দেউলগ্রাম মানকুর স্কুলের হেডমাষ্টার শ্রীযুক্ত বাবু রতিকান্ত সরকার ও এডিসনাল হেডপণ্ডিত শ্রীযুক্ত বাবু কেদারনাথ ঘোষ যথেষ্ট সহায়তা করিয়াছেন। তজ্জন্য তাঁহাদের নিকট এবং শশি বাবুর নিকট চিরকৃতজ্ঞ রহিলাম। ইতি—

দেউলগ্রাম মানকুর স্কুল।
১৫ই ভাদ্র, ১৩০০ সাল।

শ্রীমহেশচন্দ্র চৌধুরী

সূচীপত্র

বিষয়	পত্রাঙ্ক।

অশুদ্ধ সংশোধন।

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
৬	১৩	তির্ব্বত	তিব্বত
১৭	৬	অধিকারী	অধিকার
২২	১৬	ব্রাহ্মপুত্র	ব্রহ্মপুত্র
২৬	১০	দেশে	দেশ
৩৬	১৭	সুবিখ্যাত	সুবিখ্যাত
৩৮	২২	জিনি	জিন
[illegible]	৯	কসল	ফসল

বিজ্ঞাপন।

☞ ভৌগোলিক-পদ্যাবলী নিম্নলিখিত স্থানে নিম্নলিখিত ব্যক্তিগণের নিকট পাওয়া যায়। কলিকাতা, পটলডাঙ্গা, ৯নং শ্রীযুক্ত বাবু রামনারায়ণ দাস গুপ্ত; কলিকাতা, কর্ণওয়ালিশ ষ্ট্রীট, ২০১ নং শ্রীযুক্ত বাবু গুরুদাস চট্টোপাধ্যায়; জেলা ঢাকা, পোষ্ট ধামরাই, ধামরাই স্কুল, শ্রীযুক্ত বাবু শশিভূষণ চক্রবর্ত্তী; জেলা হাওড়া, পোষ্ট পানিত্রাস, দেউলগ্রাম মানকুর স্কুল, গ্রন্থকার। ☜

উপক্রমণিকা।

যে শাস্ত্র পাঠ করিলে পৃথিবীর বিশেষ বিবরণাদি বিদিত হওয়া যায়, তাহার নাম ভূগোল শাস্ত্র। ইহা ব্যবহারিক, প্রাকৃতিক, ক্ষৌণিক এবং গাণিতিক ভেদে চারি প্রকার।

পৃথিবীর ব্যাস প্রায় ৮ হাজার মাইল। পরিধি প্রায় ২৫ হাজার মাইল।

পৃথিবীর আকার। পৃথিবীর আকার গোল কিন্তু সম্পূর্ণ গোল নহে, উত্তর ও দক্ষিণ প্রান্ত কিঞ্চিৎ চাপা। ভূগোলশাস্ত্রজ্ঞ পণ্ডিতেরা নানাপ্রকার প্রমাণ দ্বারা পৃথিবীর গোলত্ব স-প্রমাণ করিয়া গিয়াছেন। তন্মধ্যে কতিপয় প্রমাণ নিম্নে লিখিত হইতেছে।

১ম।··· ম্যাগেলন, ড্রেক্, এন্সন্, কুক্ প্রভৃতি ইউরোপীয় নাবিকগণ জাহাজে চড়িয়া যে স্থান হইতে যাত্রা করেন, দিক্ পরিবর্ত্তন না করিয়া, কিছু দিন পরে পৃথিবী পরিবেষ্টন পূর্ব্বক, আবার সেই স্থানে আসিয়া উপস্থিত হন। পৃথিবী গোলাকার না হইলে এরূপ হওয়া অসম্ভব।

২য় ..যখন কোন জাহাজ সাগর-মধ্য হইতে তীরাভিমুখে আগমন করে, তখন সর্ব্বাগ্রে তাহার মাস্তুলের অগ্রভাগ দৃষ্ট হয়। পরে উহা যত নিকটবর্ত্তী হইতে থাকে, ততই ক্রমে ক্রমে জাহাজের অন্যান্য অংশ দৃষ্টিগোচর হয়। পৃথিবী সমতল হইলে, সমুদায় জাহাজখানি একেবারেই দেখা যাইত। এইরূপ যখন কোন জাহাজ নিকট হইতে দূরে গমন করে, তখন প্রথমে তাহার তলদেশ এবং পরে ক্রমে অন্যান্য অংশ অদৃশ্য হইতে থাকে। অতএব ইহাদ্বারা প্রমাণিত হইতেছে, যে পৃথিবী গোল।

৩য় পৃথিবীর ছায়া চন্দ্রের উপর পতিত হইলে চন্দ্রগ্রহণ হয়, ঐ ছায়া সর্ব্বক্ষণই গোলাকার দেখায়। সম্পূর্ণ গোলাকার বস্তু ভিন্ন তাহার ছায়া সকল সময় গোল হইতে পারেনা। অতএব ইহা দ্বারা প্রমাণিত হইতেছে, যে পৃথিবী গোল।

৪র্থ ..পৃথিবীর যে দেশ যত পূর্ব্বে অবস্থিত সেই দেশের লোকেরা তাহাদের পশ্চিমদেশীয় লোক অপেক্ষা সূর্য্যের উদয়াস্ত তত অগ্রে দেখিতে পায়। পৃথিবীর গোলত্বই ইহার কারণ। যদি পৃথিবী সমতল হইত, তাহা হইলে এক সময়েই সর্ব্বস্থলে সূর্য্যের উদয়াস্ত দৃষ্ট হইত।

কক্ষ...পৃথিবী যে মণ্ডলাকার পথে সূর্য্যমণ্ডলের চতুর্দ্দিকে পরিভ্রমণ করে, সেই পথকে কক্ষ বলে।

মেরুদণ্ড ··যে কল্পিত সরল রেখা গোলকের মধ্যবিন্দু দিয়া উত্তর প্রান্ত হইতে দক্ষিণ প্রান্ত পর্য্যন্ত বিস্তৃত তাহার নাম মেরুদণ্ড বা ধ্রুবব্যাস।

সুমেরু ও কুমেরু ··ধ্রুবব্যাসের উত্তর প্রান্তকে সুমেরু বা উত্তর-মেরু এবং দক্ষিণ প্রান্তকে কুমেরু বা দক্ষিণমেরু কহে।

পৃথিবীর আহ্নিক ও বার্ষিক গতি...পৃথিবী স্বীয় মেরুদণ্ডের উপর নির্ভর করিয়া ৬০ দণ্ডের মধ্যে একবার আপনার অবয়ব আবর্ত্তনপূর্ব্বক কক্ষের কিয়দ্দূর গমন করে, পৃথিবীর এই গতিকে উহার আহ্নিকগতি কহে। ইহা দ্বারা দিবারাত্র হয়। আর ঐরূপ আবর্ত্তন করিতে করিতে ৩৬৫ দিন ৫ ঘণ্টা ৪৮ মিনিট ৪৮ সেকেণ্ডে আপনার সমস্ত কক্ষপথ পরিভ্রমণ করিয়া সূর্য্যমণ্ডলকে প্রদক্ষিণ করে, পৃথিবীর এই গতিকে উহার বার্ষিকগতি বলে; ইহার দ্বারা শীত, গ্রীষ্ম প্রভৃতি ঋতুভেদ হয়।

বিষুবরেখা ··উভয় মেরু হইতে সমদূরবর্ত্তী পূর্ব্বপশ্চিমে পৃথিবীর চতুর্দ্দিকে বেষ্টিত গোলাকার কল্পিত রেখাকে বিষুবরেখা বা নিরক্ষবৃত্ত কহে।

অক্ষরেখা ··বিষুবরেখার সহিত সমান্তর করিয়া ও উহা হইতে ক্রমশঃ দশ দশ অংশ অন্তরে যে কতকগুলি ক্রমশঃ ক্ষুদ্রবৃত্ত কল্পিত হয়, তাহাদের নাম অক্ষরেখা।

অয়নান্তবৃত্ত ··বিষুবরেখা হইতে ২৩৷৷০ অংশ উত্তরে ও দক্ষিণে উহার সহিত সমান্তর করিয়া পূর্ব্ব-পশ্চিম-ব্যাপী

যে দুই বৃত্ত কল্পিত হয়, তাহার নাম অয়নান্তবৃত্ত। উহার উত্তরেরটীকে উত্তর অয়নান্তবৃত্ত বা কর্কট-ক্রান্তি এবং দক্ষিণেরটীকে দক্ষিণ অয়নান্তবৃত্ত বা মকরক্রান্তি কহে।

মেরুবৃত্ত।—সুমেরু হইতে ২৩॥০ অংশ দক্ষিণে নিরক্ষবৃত্তের সহিত সমান্তর যে বৃত্ত কল্পিত হয়, তাহার নাম সুমেরুবৃত্ত এবং কুমেরু হইতে ২৩॥০ অংশ উত্তরে ঐরূপ যে বৃত্ত কল্পিত হয়, তাহাকে কুমেরুবৃত্ত কহে।

দ্রাঘিমা।—যে সমস্ত কল্পিত অর্দ্ধবৃত্ত বিষুবরেখাকে লম্বভাবে ছেদ করিয়া উভয় মেরু পর্য্যন্ত বিস্তৃত আছে, তাহাদিগকে দ্রাঘিমা কহে।

মধ্যন্দিনরেখা।—যে কল্পিত বৃহৎ রেখা এক নির্দ্দিষ্ট স্থানের উপর দিয়া উভয় মেরু ভেদ করিয়া গিয়াছে, তাহাকে মধ্যন্দিনরেখা বা মেরিডিয়ন কহে।

ক্রান্তিবৃত্ত।—যে বৃহদাকার বৃত্ত ভূমণ্ডল বেষ্টন করিয়া নিরক্ষ-রেখার মধ্য দিয়া তির্য্যগ্‌ভাবে উভয় অয়নান্তবৃত্তের সহিত সংলগ্ন আছে, সেই বৃত্তকে ক্রান্তিবৃত্ত বা রবিমার্গ কহে।

মণ্ডল।—নিরক্ষবৃত্ত, উভয় অয়নান্তবৃত্ত এবং সুমেরু ও কুমেরু বৃত্ত দ্বারা পৃথিবী পাঁচ ভাগে বিভক্ত হইয়াছে। উহার প্রত্যেক ভাগকে মণ্ডল কহে।

উষ্ণমণ্ডল।—উত্তর ও দক্ষিণ অয়নান্তবৃত্তদ্বয়ের মধ্যবর্ত্তী স্থানে সূর্য্যকিরণ লম্বভাবে পতিত হয় বলিয়া, এই স্থানে

গ্রীষ্মের অত্যন্ত প্রাদুর্ভাব; এই নিমিত্ত উহাকে উষ্ণমণ্ডল বা গ্রীষ্মমণ্ডল বলে।

সমমণ্ডল। কর্কটক্রান্তি হইতে সুমেরুবৃত্ত পর্য্যন্ত বিস্তৃত ভূভাগকে উত্তর সমমণ্ডল বা উত্তর নাতিশীতোষ্ণমণ্ডল এবং মকরক্রান্তি হইতে কুমেরুবৃত্ত পর্য্যন্ত বিস্তৃত ভূভাগকে দক্ষিণ নাতিশীতোষ্ণমণ্ডল বা দক্ষিণ সমমণ্ডল কহে। এই দুই মণ্ডলে অধিক শীত বা অধিক গ্রীষ্ম হয় না।

হিমমণ্ডল। সুমেরু হইতে সুমেরুবৃত্ত পর্য্যন্ত বিস্তৃত ভূভাগকে উত্তর হিমমণ্ডল এবং কুমেরু হইতে কুমেরুবৃত্ত পর্য্যন্ত বিস্তৃত ভূভাগকে দক্ষিণ হিমমণ্ডল বলে। এই দুই ভূভাগে শীতের অত্যন্ত প্রাদুর্ভাব।

স্থল ও জলের বিবরণ।

জল-স্থলময়ী পৃথিবীর স্থলভাগ অপেক্ষা জলভাগ প্রায় তিন গুণ অধিক।

আকারের বৈলক্ষণ্য প্রযুক্ত এই দুইভাগের বিশেষ বিশেষ নাম আছে। স্থলভাগ যথাঃ——

মহাদেশ। যে অতি বিস্তীর্ণ ভূভাগ অনেক রাজ্যাদিবিশিষ্ট এবং নানাজাতি লোকের বাসস্থান তাহাকে মহাদেশ কহে। যথা;—এশিয়া, ইউরোপ ইত্যাদি।

দেশ। মহাদেশের ভিন্ন ভিন্ন অংশকে দেশ বলে। যথা;— ভারতবর্ষ, রুশিয়া ইত্যাদি।

নগর ··যে স্থানে নানাজাতীয় লোকের বাস এবং দেশীয় ও বিদেশীয় বণিকেরা বাণিজ্য করে, তাহাকে নগর কহে। যথা ;—পাটনা, দিল্লী ইত্যাদি।

বন্দর ··সমুদ্র বা নদীর তীরস্থ যে স্থানে বাণিজ্য দ্রব্যের বিক্রয়াদি হয়, তাহার নাম বন্দর। যথা ,—বোম্বে, কাল্না ইত্যাদি।

উপকূল ··সমুদ্রের তীরবর্ত্তী স্থানকে উপকূল বহে। যথা ,—মলবর উপকূল।

রাজধানী ··যে নগরে রাজা বা রাজপ্রতিনিধির বাস তাহাকে রাজধানী কহে। যথা ;—কলিকাতা, পিকিন, লণ্ডন ইত্যাদি।

দ্বীপ ·যে স্থলভাগের চতুর্দ্দিক জলদ্বারা বেষ্টিত তাহাকে দ্বীপ বলে। যথা ;—লঙ্কা, বোর্ণিয়ো ইত্যাদি।

দ্বীপপুঞ্জ ··কতকগুলি দ্বীপ একত্র থাকিলে তাহাকে দ্বীপপুঞ্জ কহে। যথা ;—আন্দামান দ্বীপপুঞ্জ।

উপদ্বীপ···তিন দিকে জল-বেষ্টিত ভূখণ্ডের নাম উপদ্বীপ। যথা ;—পূর্ব্ব উপদ্বীপ, কামস্কট্কা উপদ্বীপ ইত্যাদি।

অন্তরীপ ··যে ভূভাগ ক্রমশঃ অপ্রশস্ত হইয়া সাগরাদিতে প্রবিষ্ট হইয়াছে, তাহার অগ্রভাগের নাম অন্তরীপ। যথা ;—কুমারিকা, রাসলহাদ ইত্যাদি।

যোজক ·যে অপ্রশস্ত ভূভাগ অন্য দুই বৃহৎ ভূভাগকে সংযুক্ত করে, তাহাকে যোজক বলে। যথা ;—সুয়েজ, পানামা ইত্যাদি।

পর্ব্বত ·পৃথিবীর পৃষ্ঠে অত্যুচ্চ, অসমান ও প্রস্তরময় যে স্থান

তাহার নাম পর্ব্বত। যথা ;—হিমালয়, বিন্ধ্য ইত্যাদি।

পর্ব্বত শিখর ··পর্ব্বতের চূড়াকে শিখর বা শৃঙ্গ বলে। যথা ;—ধবলগিরি, এবরেষ্ট ইত্যাদি।

পাহাড় ··পর্ব্বত অপেক্ষা আকারে ক্ষুদ্র এবং শৃঙ্গবিহীন প্রস্তরাদি বিশিষ্ট যে উচ্চস্থান তাহাকে পাহাড় বলে। যথা ;—দার্জ্জিলিং পাহাড়।

পর্ব্বতশ্রেণী···যদি বহু সংখ্যক পর্ব্বত শৃঙ্খলাবদ্ধ হইয়া বহুদূর পর্য্যন্ত বিস্তৃত হয় তবে তাহাকে পর্ব্বতশ্রেণী বহে। যথা ;—ঘাট পর্ব্বত শ্রেণী।

আগ্নেয়পর্ব্বত···যে পর্ব্বত হইতে সময়ে সময়ে অগ্নি, ধূম, ভস্ম, উষ্ণজল ও ধাতুনিস্রব নির্গত হয়, তাহাকে আগ্নেয়-পর্ব্বত কহে। যথা ;—এত্না, বিসুবিয়স ইত্যাদি।

উপত্যকাভূমি ··দুই পর্ব্বতের মধ্যবর্ত্তী নিম্ন ভূমিকে উপত্যকা-ভূমি কহে। যথা ;—কাশ্মীর।

অধিত্যকা ··পর্ব্বতের উপরিভাগস্থ বিস্তৃত ভূমি-খণ্ডকে অধিত্যকা কহে। যথা ;—আরবের নেজেদ অধিত্যকা।

ঘাট ·পর্ব্বতের মধ্যস্থিত যে সঙ্কীর্ণ পথ দিয়া উভয় পার্শ্বের লোক গমনাগমন করে, তাহাকে ঘাট, পাস্ বা গিরিবর্ত্ম কহে। যথা ;—হলদিঘাট।

গহ্বর ··পর্ব্বতের অভ্যন্তরস্থ গর্ত্তকে গহ্বর কহে।

সমতলভূমি ··যে অনুচ্চ ভূমিতে পর্ব্বতাদি নাই তাহাকে সমতল ভূমি কহে। যথা ;—প্যাম্পাস্।

লাণ্ডেস্ ফ্রান্স দেশের দক্ষিণ-পশ্চিম দিক্‌স্থ বালুকা-সমাকীর্ণ সমতল ক্ষেত্রকে লাণ্ডেস্ কহে।

ষ্টেপ্ ইউরোপীর এবং এশিয়িক রুশিয়ার অন্তর্গত বৃক্ষাদিশূন্য প্রকাণ্ড সমতল ভূমির নাম ষ্টেপ্।

তুন্দরাজ · সাইবীরিয়ার প্রকাণ্ড জলাভূমি তুন্দরাজ নামে অভিহিত।

প্রেরি ও সাবানা ··উত্তর আমেরিকাস্থ দীর্ঘতৃণাচ্ছাদিত বিস্তৃত প্রান্তরকে প্রেরি ও সাবানা কহে।

লানোজ্···দক্ষিণ আমেরিকার দক্ষিণ দিক্‌স্থ ক্ষুদ্রতৃণাবৃত বহু বিস্তৃত সমতল ভূমিকে লানোজ্ কহে।

প্যাম্পাস্ ··দক্ষিণ আমেরিকার ২০ দক্ষিণ অক্ষাংশ হইতে পাতাগোনিয়া দেশ পর্য্যন্ত বিস্তৃত প্রকাণ্ড প্রান্তরকে প্যাম্পাস্ কহে।

লেনস্ ওরিণোকো ও আমাজান নদীর নিকটবর্ত্তী প্রান্তরকে লেনস্ কহে।

সিল্‌বা· ·আমাজান নদীর তীরবর্ত্তী জঙ্গলপূর্ণ প্রকাণ্ড সমতল ক্ষেত্র সিল্‌বা নামে অভিহিত।

মালভূমি ··যে ভূভাগ সাগর হইতে অন্যূন সহস্রাধিক ফুট উচ্চ, তাহাকে মালভূমি কহে। মধ্য এশিয়া একটি প্রকাণ্ড মালভূমি।

মরুভূমি ··যে ভূভাগ রাশি রাশি বালুকা ও প্রস্তর খণ্ডে পরিপূর্ণ এবং যাহাতে বৃক্ষাদি নাই, তাহার নাম মরুভূমি। যথা ;—সাহারা ও আরবের মরুভূমি ইত্যাদি।

ওয়েশিশ্…মরুভূমির মধ্যস্থিত উর্ব্বর ভূমিখণ্ডকে ওয়েশিশ্, মারবদ্বীপ বা মরূদ্যান কহে। যথা;—ফেজান, আগাদেশ ইত্যাদি।

আকর…ভূস্তরাবলীর মধ্যে যে স্থানে ধাতু প্রভৃতি প্রাপ্ত হওয়া যায়, তাহাকে আকর কহে।

জলভাগ।

মহাসাগর(১)…যে অতি বিস্তীর্ণ লবণময় জলভাগ পৃথিবীকে বেষ্টন করিয়া আছে, তাহার নাম মহাসাগর। যথা;—ভারতমহাসাগর, প্রশান্তমহাসাগর ইত্যাদি।

সাগর…মহাসাগর অপেক্ষা ক্ষুদ্র লবণময় জলভাগকে সাগর কহে। যথা;—বঙ্গসাগর, আরবসাগর ইত্যাদি।

উপসাগর…যে সাগরাংশ প্রায় চতুর্দ্দিকে স্থল দ্বারা বেষ্টিত তাহার নাম উপসাগর। যথা;—পারস্য উপসাগর, ওমান উপসাগর ইত্যাদি।

সাগর শাখা…স্বল্প পরিসর সাগরাংশ স্থলভাগের মধ্যে প্রবেশ করিলে, তাহাকে সাগর শাখা বা খাড়ী কহে। যথা;—কাম্বে খাড়ী।

১। মহাসাগর পাঁচটী উত্তর মহাসাগর, দক্ষিণ মহাসাগর, আটলাণ্টিক মহাসাগর, প্রশান্ত মহাসাগর ও ভারত মহাসাগর।

প্রণালী…যে অপ্রশস্ত জলভাগ দুই বৃহৎ জলভাগকে সংযুক্ত করে, তাহাকে প্রণালী কহে। যথা ;—পক্‌-প্রণালী, বেরিং প্রণালী ইত্যাদি।

হ্রদ…যে স্বভাবজাত জলভাগের চতুর্দ্দিক স্থল দ্বারা বেষ্টিত, তাহাকে হ্রদ কহে। যথা ;—রাবণহ্রদ, মানস-সরোবর ইত্যাদি।

বিল…যে স্বাভাবিক জলভাগ চতুর্দ্দিকে স্থল দ্বারা বেষ্টিত কিন্তু আকারে হ্রদ-অপেক্ষা ক্ষুদ্র তাহাকে বিল বলে। যথা ;—চণ্ডটবিল, আলমবিল, মনসাবিল ইত্যাদি।

নদী…যে জলস্রোত পর্ব্বত, হ্রদ প্রভৃতি হইতে উদ্ভূত হইয়া, নানা দেশ দিয়া সাগরাদিতে পতিত হয়, তাহাকে নদী কহে। যথা ;—গঙ্গা, আমাজান ইত্যাদি।

কূল…নদীর উভয় পার্শ্বস্থ ভূভাগকে কূল বা তীর কহে।

নদীখাত…যে খাত দিয়া নদীস্রোত প্রবাহিত হয়, তাহাকে নদীখাত কহে।

নদীমুখ…নদী যে স্থলে সাগরাদির সহিত মিলিত হয়, তাহাকে নদীমুখ বা মোহনা কহে।

নদীসঙ্গম…দুই নদীর মিলন স্থানের নাম নদীসঙ্গম।

অববাহিকা…নদীর উভয় পার্শ্বের যতদূরের জল আসিয়া ঐ নদীতে পতিত হয়, ততদূর পর্য্যন্ত ভূভাগকে উহার অববাহিকা (বেসিন) কহে।

জলাঙ্ক…যে উন্নত ভূমিখণ্ড এক অববাহিকা হইতে অপর অববাহিকাকে পৃথক করে, তাহাকে জলাঙ্ক (ওয়াটার্‌-শেড্‌) কহে।

উপনদী···যে জলস্রোত পর্ব্বতাদি হইতে নির্গত হইয়া অন্য কোন নদীতে আসিয়া মিলিত হয়, তাহাকে উপনদী কহে। যথা ;—যমুনা, শতদ্রু ইত্যাদি।

শাখানদী···যে নদী অন্য কোন নদী হইতে বহির্গত হইয়া সাগরাদিতে পতিত হয়, তাহাকে শাখানদী কহে। যথা ;—ভাগীরথী, কীর্ত্তিনাশা ইত্যাদি।

অন্তঃসলিলানদী···কোন নদী প্রবাহিত হইতে হইতে বালুকাময় ভূভাগে পতিত হইলে, উহার সমুদয় জল বালুকার অভ্যন্তরে প্রবেশ করে, বাহিরে নদী-স্রোতের কোন চিহ্ন দেখা যায় না। কিন্তু বালুকা খনন করিলেই জল পাওয়া যায় এইরূপ নদীকে অন্তঃসলিলানদী কহে। যথা ;—ফল্গুনদী।

বদ্বীপ ··নদীর মোহনাস্থ ত্রিকোণাকার ভূমিকে বদ্বীপ (ডেল্টা) কহে।

জলপ্রপাত ··কোন নদী, উপনদী বা শাখানদী প্রবাহিত হইতে হইতে যদি কোন উচ্চস্থান হইতে প্রবলবেগে নিম্নে পতিত হয়, তাহা হইলে তাহাকে জলপ্রপাত কহে। যথা ;—নায়াগারা ও স্বরবতী নদীর জলপ্রপাত।

প্রস্রবণ ··পর্ব্বতাদি অত্যুচ্চস্থান হইতে যে জলস্রোত সঙ্কীর্ণভাবে অধঃপতিত হয়, তাহাকে প্রস্রবণ কহে। যথা ;—গয়সর।

উষ্ণ প্রস্রবণ ··যে প্রস্রবণ হইতে উষ্ণ জলাদি নির্গত হয়, তাহাকে উষ্ণপ্রস্রবণ কহে। যথা ;—সীতাকুণ্ড।

পোতাধিষ্ঠান—যে ক্ষুদ্র উপসাগরে জাহাজাদি নির্ব্বিঘ্নে নোঙ্গর করিয়া থাকে, তাহাকে পোতাধিষ্ঠান (হার্‌বর্‌) কহে।

ভৌগোলিক-পদ্যাবলী।

এশিয়া।

দৈর্ঘ্য ৬৬৯০ মাইল, বিস্তার ৫৪০০ মাইল। পরিমাণ ফল ১,৮০,২০,০০০ বর্গ মাইল, লোক সংখ্যা ৮২,০০,০০,০০০ কোটির উপর।

সীমা—উত্তরে উত্তর মহাসাগর, পূর্ব্বে প্রশান্ত মহাসাগর, দক্ষিণে ভারত মহাসাগর, পশ্চিমে লোহিত সাগর, সুয়েজ-যোজক, ভূমধ্যসাগর, আর্কিপেলেগো বা ঈজিয়ান-সাগর, মর্ম্মরসাগর, কৃষ্ণসাগর, ককাশশ পর্ব্বত, কাস্পিয়ান হ্রদ, উরল পর্ব্বত ও উরল নদী।

এশিয়ায় নিম্নলিখিত ১১টী দেশ আছে ; যথা :—

দেশ	রাজধানী
১। ভারতবর্ষ	··· কলিকাতা
২। পূর্ব্ব উপদ্বীপ—	
শ্যাম	··· বাঙ্কক
আনাম } লেয়স }	হুয়ে
কাম্বোডিয়া	·· স্পানস্পিঙ
টঙ্কিন	··· কেশো
ফরাসিকোচিন	··সাইগন
মালয়	··· কুইদা
৩। চীন সাম্রাজ্য—	
চীন	··· পিকিন
কোরিয়া	··· কিংকিতাও
মাঞ্চুরিয়া	··· কিরিণউলা
মঙ্গোলিয়া	··· উরগাঁ
তিব্বত	··· লাসা
পূর্ব্বতাতার	·· খাশগড়

দেশ	রাজধানী
৪। পশ্চিমতাতার	·· খীবা ও বুখারা
৫। রুশিয়া	··· টোবলস্ক
৬। আফগানিস্থান	··· কাবুল
৭। পারস্য	··· তেহারান
৮। আরব	··· মস্কত
৯। তুরস্ক—	
এশিয়া মাইনর	··· স্মার্ণা
সীরিয়া	··· দামস্কস
আর্ম্মীণিয়া	··· আরজরুম
কুর্দ্দীস্তান	··· বাগ
আলজিজীরা	··· মোজেল
আরবিস্তান	··· মক্কা
১০। জাপান	··· টোকিয়ো
১১। বেলুচিস্তান	··· খিলাত

সাগর।

আরব-আফ্রিকা-মাঝে লোহিত সাগর ;
লিবাঁৎ ভূমধ্য-পূর্ব্বে জ্ঞাত চরাচর।
চীন সাগর, স্থিত চীনের দক্ষিণে ;
কোরিয়া—চীনের মাঝে পীত সবে জানে।

এশিয়া।

রুশিয়ার উত্তরাংশে কারা অবস্থিত,
ভারত আরব মাঝে আরব রাজিত।
পূর্ব্ব উপদ্বীপ আর ভারত মাঝারে,
বঙ্গ সিন্ধু অবস্থিত রাখ মনে ক'রে।
উত্তরামেরিকা আর কামস্কাট্কার,
মধ্যস্থলে, বেরিং সাগর জান সার।
চীন লুচু দ্বীপ মধ্যে পূরব-সাগর,
আছে অবস্থিত, ইহা জানে চরাচর।

উপসাগর।

পারস্য ওমান এই উপসাগর দ্বয়,
আরব পারস্য মাঝে জানিবে নিশ্চয়।
কাম্বে কচ্ছ দুই আছে ভারত পশ্চিমে;
ব্রহ্মের দক্ষিণে মার্ত্তাপান সবে জানে।
ভারত লঙ্কার মাঝে মান্নার সংস্থিত;
শ্যামের দক্ষিণে শ্যাম সকলেই জ্ঞাত।
টঙ্কিঙ উপসাগর চীনের দক্ষিণে,
পেচিলি, পীতের মধ্যে সকলেই জানে।
আনাদীর রুশিয়ার উত্তর পূরবে,
রুশিয়া উত্তরে ওবি জ্ঞাত আছে সবে।

দ্বীপ।

কুরিল সাগালিয়েন মাকাও জাপান,
ফরমোসা হঙ্কঙ লুচু হাইনান।
এশিয়ার সন্নিকটে প্রশান্ত সাগরে,
এই সব দ্বীপ আছে রাখ মনে ক'রে।

পিনাঙ ও সিঙ্গাপুর লঙ্কা লাক্ষাদ্বীপ,
আন্দামানপুঞ্জ, নিকোবর মালদ্বীপ ;
এই সব দ্বীপ আছে ভারত সাগরে ;
রোদ্‌জ ও সাইপ্রস ভূমধ্যসাগরে।
উত্তর মহাসাগরে লিয়াখোব রয়, (১)
রাখিবে সর্ব্বদা মনে বালক নিচয়।

উপদ্বীপ।

বঙ্গ আর চীন দুই সাগর মাঝারে,
স্থিত পূর্ব্ব উপদ্বীপ বিদিত সংসারে।
ভারত-উপদ্বীপ, স্থিত ভারত দক্ষিণে ;
এশিয়া মাইনর আছে এশিয়া পশ্চিমে।
জাপান সাগর আর পীত-মধ্যস্থলে,
সংস্থিত কোরিয়া আছে বিদিত সকলে।
কামস্কট্‌কা রুশিয়ার উত্তর পূর্ব্বে ;
আরবে আরব উপদ্বীপ জানে সবে।

যোজক।

এশিয়া-আফ্রিকা-মাঝে সুয়েজ যোজক ;
শ্যাম ও মালয়ে যোগ করে ক্রা যোজক।

প্রণালী।

লোহিত সাগর সহ আরব সাগর,
বাবেলমাণ্ডেবে যুক্ত জ্ঞাত চরাচর।

---

(১) ইহার অপর নাম নব সাইবীরিয়া

ভারত-লঙ্কার মাঝে পক্ অবস্থিত ;
সুমাত্রা-যাবার মাঝে শুণ্ড সুবিদিত।
ফরমোশা, ফরমোশা-চীন মধ্যে রয় ;
সুমাত্রা-মালয়-মাঝে মালক্কা নিশ্চয়।
ম্যাকাসার, সেলিবেশ—বোর্ণিয়োর মাঝে ;
কোরিয়া-জাপান-মাঝে কোরিয়া বিরাজে।
সাগালিয়েন, আর যেসো দ্বীপদ্বয় মাঝে,
অবস্থিত লাপিরুজ বিদিত সমাজে।

হ্রদ ।

বৈকাল বল্খাস্ চানি হ্রদ রুশিয়ায়,
কাস্পিয়ান, পশ্চিম তাতারে শোভা পায়।
তুরস্ক দেশেতে মরু হ্রদ, বাণ আর,
মঙ্গোলিয়ায় কোকনর জানা সবাকার।
শ্রীকোল আফগান তাতারের অন্তর্গত ;
উরুমিয়, পারস্য দেশেতে অবস্থিত।
তিব্বতে মানস তেংগ্রী পালতে রাবণ,
আফ্গানিস্থানে জরা রাখিবে স্মরণ।
আরাল নামক হ্রদ পশ্চিম তাতারে ;
টঙ্কিং ও পোইয়াং চীনের মাঝারে।
কলাইর পলিকট্ট চিল্কা হ্রদ আর,
প্রসিদ্ধ এ হ্রদত্রয় ভারত-মাঝার।

পর্ব্বত ।

রুশিয়ার দক্ষিণাংশে পর্ব্বত আলতাই,
পূর্ব্ব অংশে জেন আলদান্ স্তানোভাই।

ভৌগোলিক-পদ্যাবলী।

ভারত-উত্তরে, হিমালয় বর্ত্তমান ;
ভারতের পশ্চিমাংশে আছে সুলেমান।

সাতপুর-গিরি স্থিত নর্ম্মদা-দক্ষিণে ;
ভারত-দক্ষিণে ঘাটগিরি(১) সবে জানে।

ভারতবর্ষের মধ্যে বিন্ধ্য অবস্থিত ;
লোহিত-সাগর-শিরে সাইনে সংস্থিত।

তিয়ান্‌শান্‌, মঙ্গোলিয়া-পশ্চিমেতে রয় ;
আফ্‌গান উত্তরে ঘর জানিও নিশ্চয়।

পূরব পশ্চিম দুই তাতার-মাঝারে,
পর্ব্বত বিলুরত্যাগ্‌ রাখ মনে ক'রে।

আর্ম্মীনিয়ায় আরারং, হোরেব আরবে ;
সিরিয়ায় লেবানন্‌ জ্ঞাত আছে সবে।

তিব্বতে কৈলাসগিরি, (২) চীনে ইয়াংলিং,
আরো আছে চীনদেশে পেংলিং নাংলিং।

কৃষ্ণ আর কাস্পিয়ান সাগরের মাঝে,
ককাশস্‌ গিরি স্থিত বিদিত সমাজে।

তারস ও অলিম্পস এশিয়া মাইনরে,
হিন্দুকুশ আফগানিস্তানের উত্তরে।

কাস্পিয়ান-দক্ষিণাংশে, পারস্য মাঝারে,
অবস্থিত এলবুর্জ্জ বিদিত সংসারে।

---

১ ঘাটগিরি অর্থাৎ পূর্ব্বঘাট ও পশ্চিমঘাট।
২ কৈলাস ইহার অন্য নাম কিউনলুন।

অন্তরীপ।

বেবা অন্তরীপ আছে এশিয়া মাইনরে ;
বজেদর অবস্থিত লুজোন-উত্তরে।
রোমানীয় অন্তরীপ মালয়-দক্ষিণে ;
ভারত-দক্ষিণে কুমারিকা সবে জানে।
আনাম-দক্ষিণে কাম্বোডিয়া অবস্থিত ;
জাপান-দক্ষিণ-পূর্ব্ব কিঙ সবে জ্ঞাত।
রাসল্হাদ্, আরবের পূর্ব্ব অংশে রয়,
এশিয়ার উত্তরাংশে শিবারো নিশ্চয়।
তাইমুর শিবারোর পশ্চিমাংশে স্থিত ;
রুষের নৈর্ঋতে, নিগ্রায়িস সবে জ্ঞাত।
লোপট্কা, দক্ষিণে আছে কামস্কাটকার ;
পূর্ব্বঅন্তরীপ, পূর্ব্ব অংশে এশিয়ার।

নদী

লেনা, ওবি, এনীসেই এই নদীত্রয়,
আলতাই পর্ব্বত হ'তে সমুদ্ভূত হয় ;
পূর্ব্ব আর পশ্চিম তাতার-মধ্যস্থিত,
গিরি হ'তে সৈহন(১) হয় বহির্গত ;
রুশে প্রবাহিত এই নদী চতুষ্টয়,
উত্তর মহাসাগরে নিপতিত হয়।
আল্তাই পর্ব্বতে জন্ম আমুর লভিয়া,
ওখট্স্ক সাগরেতে পড়িছে আসিয়া।

১। ইহার অন্য নাম শিরদরিয়া বা জ্যাকজারৃতিব

ইয়াংসিকিয়াং, জন্মি তিব্বত পাহাড়ে,
চীন দেশ দিয়া পড়ে প্রশান্ত সাগরে।
তিব্বত পর্ব্বত হ'তে হইয়ে নির্গত,
পেচিলি উপসাগরে হোয়াংহো পতিত।
পেহো নদী মঙ্গোলিয়া-পর্ব্বতে জন্মিয়া,
পেচিলি উপসাগরে পড়িছে আসিয়া।
ইরাবতী জনমিয়া তিব্বত পাহাড়ে,
পতিত হয়েছে বঙ্গসাগর-মাঝারে।

মেনাম ও সালুয়েন আরও মেকং,
তিব্বত পর্ব্বতে হয় সবার জনম;
শিয়াম উপসাগরে মেনাম পতিত,
সালুয়েন মার্ত্তাবান সহিত মিলিত;
চীন সাগরের মাঝে পড়েছে মেকং,
সর্ব্বক্ষণ শিশুগণ রাখিবে স্মরণ।

তিব্বত পর্ব্বতে ব্রহ্মপুত্রের জনম,
বঙ্গাসাম (১) দিয়া বঙ্গ সাগরে মিলন।
হিমালয়ে, গঙ্গা-সিন্ধু জন্ম লাভ ক'রে,
গঙ্গা পড়ে বঙ্গে, সিন্ধু আরব সাগরে।

নর্ম্মদা ও মহানদী তাপ্তীনদী আর
গোণ্ডবন নিকটেতে জন্ম সবাকার,
বঙ্গসাগরের মাঝে মহানদী পড়ে;
নর্ম্মদা ও তাপ্তী পড়ে কাম্বের মাঝারে।

১। বঙ্গ ও আসাম।

পর্ব্বত পশ্চিম ঘাটে জন্ম লাভ করি,
বঙ্গ সাগরেতে পড়ে কৃষ্ণা গোদাবরী।
পশ্চিম ঘাটেতে জন্ম কাবেরী লভিয়া,
বঙ্গ সাগরেতে পড়ে মহীশূর দিয়া।
তাইগ্রীস ইউফ্রেতিজ্ এই নদী দ্বয়
তারস পর্ব্বত হ'তে বহির্গত হয়,
বসোরা-উত্তরে দুয়ে হইয়ে মিলিত,
পারস্য উপসাগরে হয়েছে পতিত।
লেবানন গিরি হ'তে জর্ডন নিঃসৃত,
মরু সাগরের মাঝে হয়েছে পতিত।

—o—

এশিয়ার প্রধান প্রধান নগরের বিবরণ।

ভারতবর্ষ।

হুগলী নদীর তীরে কলিকাতা স্থিত,
ভারতের রাজধানী বলি সু-বিখ্যাত।
মুরশিদাবাদ, স্থিত ভাগীরথী কূলে;
বঙ্গ-রাজধানী ছিল নবাব আমলে।
সতের শ সাতান্ন সনে পলাশী সংগ্রামে,
হারায় সেরাজদ্দৌলা বঙ্গ সিংহাসনে।
বঙ্গদেশে প্রথমেতে পিপ্লী নগরে, (১)
ইংরাজ বাণিজ্য-কুঠি নিরমাণ করে।
নবদ্বীপ, অবস্থিত ভাগীরথী তীরে,
সংস্কৃতালোচন জন্য খ্যাত চরাচরে;

১৬৩৪ খৃষ্টাব্দে এই নগরে ইংরাজদিগের কুঠি নির্ম্মিত হয়

বারশত তিন খৃষ্ট অব্দে বখ্‌তিয়ার,
লক্ষ্মণে করিয়া জয় করে অধিকার।
বর্দ্ধমানে রাণীগঞ্জ মৃদঙ্গারে খ্যাত;
কাল্‌না কাটোয়া হিন্দুতীর্থ সু-বিখ্যাত।
সংস্থাপিত হয় ঢাকা বুড়ীগঙ্গা তীরে,
সু-বিখ্যাত সূক্ষ্ম বস্ত্র অলঙ্কার তরে।
মালদহ মহানন্দা-তীরে অবস্থিত,
রেশমী বস্ত্র, আর মিষ্ট আম্র জন্ম খ্যাত।
বঙ্গদেশে রঙ্গপুর শতরঞ্চে খ্যাত;
বীরভূমে লাক্ষার দ্রব্য হয় নানামত।
দার্জ্জিলিঙ্গে জল বায়ু স্বাস্থ্যকর অতি,
গ্রীষ্মে ছোট লাট হেথা করেন বসতি। (১)
বরিশাল সু-বিখ্যাত বালাম-কারণ,
পূর্ব্ব বঙ্গে স্থিত ইহা রাখিবে স্মরণ।
আসামে শ্রীহট্ট, স্থিত সুর্ম্মানদী তীরে,
বিশেষ বিখ্যাত হয় কমলার তরে।
মহানদী তীরে স্থিত কটক নগর,
রজত তারের কাজ হয় মনোহর।
বক্সরে প্রথম যুদ্ধ সের হুমায়ুনে,
দ্বিতীয়ে সুজাউদ্দৌলা মনরোর সনে, (২)

১। ছোট লাট (বঙ্গদেশের লেপ্টেনাণ্ট গভর্ণর)।

২। বক্সর বেহারান্তর্গত সাহাবাদ জেলায় এই স্থলের ১ম যুদ্ধ ১৫৩৯ খৃঃ অব্দে এবং ২য় যুদ্ধ ১৭৬৪ অব্দে ঘটে।

প্রথমেতে হুমায়ুন পরাজিত হয়,
দ্বিতীয়ে সুজাউদ্দৌলা জানিবে নিশ্চয়।
বেহারে জাহ্নবী তীরে পাটনা নগর,
হেথা রাজ্য কৈল পূর্ব্বে মগধ-ঈশ্বর ;
ইংরাজ রাজত্বকালে এবে বর্ত্তমানে,
বিখ্যাত বাণিজ্য আর কলেজ কারণে।
ফতেপুর শিকরি, স্থিত আগরা জেলায়,
ক্ষুদ্রোপলময় নগ (১) হেথা দেখা যায়,
পনের শ আটাশ সনে বাবরের সঙ্গে,
ঘোর যুদ্ধ করে হেথা মহারাণা সঙ্গে।
উত্তর পশ্চিমাঞ্চলে স্থিত বারাণসী,
যথা গঙ্গা সহ মিলে বরুণা ও অসি,
হিন্দুদের তীর্থ, আর ভাল চিনি তরে,
বিশেষ বিখ্যাত হয় দিগ্‌দিগন্তরে।
বেহার জেলায় গয়া, ফল্গুনদী তীরে,
হিন্দুতীর্থ স্থান বলি খ্যাত চরাচরে।
জাহ্নবী-যমুনা-নদী-সঙ্গমের মাঝে,
হিন্দুদের তীর্থস্থান প্রয়াগ বিরাজে।
আগরা নগর খ্যাত তাজের কারণে,
যমুনার তীরে স্থিত রেখো শিশো মনে।
আতর গোলাপ জলে গাজীপুর খ্যাত,
কর্ণওয়ালিস হেথা হন উপরত।

১। ক্ষুদ্র-উপলময় (প্রস্তরময়) নগ (পর্ব্বত)।

মথুরা ও বৃন্দাবন এ নগর দ্বয়,
হিন্দুতীর্থ জন্ম খ্যাত জানিও নিশ্চয়।
উত্তর পশ্চিমাঞ্চলে কানপুর স্থিত, (১)
ঘোটকের সাজ আর জুতা জন্ম খ্যাত ;
এইখানে নানাধীন বিদ্রোহীর দলে,
নৃশংস আচারে বধে ইংরাজ সকলে।
মুঙ্গের বেহারে গঙ্গাতীরে সংস্থাপিত,
ইহার নিকটে সীতাকুণ্ড অবস্থিত ;
মীরকাশিম-রাজধানী ছিল এইখানে,
আরো খ্যাত স্বাস্থ্যকর বায়ুর কারণে।
উত্তর পশ্চিমাঞ্চলে স্থিত মির্জাপুর,
তুলার বাণিজ্য হেথা হয় সু-প্রচুর।
দিল্লী যমুনা তীরে অবস্থিত জানি,
মুসলমান-আমলের ছিল রাজধানী।
অযোধ্যা সরযূতীরে প্রাচীন নগর,
এখানে রাজত্ব করে রাম রঘুবর,
আঠার শ ছাপান্ন সনে ডাল্‌হৌসী আমলে,
অযোধ্যা প্রদেশ আসে ইংরাজ-দখলে।
পাণিপথ অবস্থিত কর্ণাল জেলায়,
এখানে বাবর ইব্রাহিমেরে হারায় ; (১)
পনের শ ছাপান্ন সনে বেহ্রামের সনে,
হিমু পরাজিত হয় দুরজয় রণে ;

১। পাণিপথ পাঞ্জাব প্রদেশে এইখানে ১৫২৬ খৃষ্টাব্দে ইব্রাহিমের সহিত বাবরের যুদ্ধ হয়।

অবশেষে সতের শ একষট্টি সনে,
মহারাষ্ট্র গর্ব্ব খর্ব্ব আমেদের সনে।
সাহাবাদে সাসীরাম সের-জন্মভূমি ;
সম্বলপুরেতে আছে হীরকের খনি।
শিবালিক-মহিধর'পরি হরিদ্বার,
হিন্দুতীর্থ স্থান বলি বিদিত সংসার।
থানেশ্বর, পূর্ব্বে কুরুক্ষেত্র নামে খ্যাত,
এ নগর অম্বালা জেলার অন্তর্গত,
কুরুপাণ্ডবের যুদ্ধ হয় এইখানে,
আরো খ্যাত হিন্দুদের তীর্থের কারণে।
লাহোর, পঞ্জাবে স্থিত ইরাবতী তীরে,
ভূপতি অনঙ্গপাল হেথা রাজ্য করে ;
পরে রণজিৎ সিংহ শিখ মহারাজ,
প্রবল প্রতাপে করে এখানে বিরাজ।
শিপ্রা নদী-তীরে স্থিত হয় উজ্জয়িনী,
রাজা বিক্রমাদিত্যের ছিল রাজধানী।
সোব্রাঁও শতদ্রু-তীরে অতি ক্ষুদ্র স্থান,
এখানে ইংরাজ সহ শিখের সংগ্রাম—
সংঘটিত, আঠার শ ছচল্লিশ সনে,
পরাজিত শিখ তাহে গফের বিক্রমে।
আঠার শ ছচল্লিশ সনে আলিওয়াল্ রণে,
পরাজিত শিখগণ স্মিথের বিক্রমে।
আঠার শ তিন সনে আসাই সমরে,
ইংরাজ মারহাট্টাগণে পরাভূত করে।

সিন্ধুদেশ-অন্তর্গত করাচি বন্দর,
সোমনাথ হিন্দুতীর্থ খ্যাত চরাচর।
মুদকী, সংস্থিত তীরে শতদ্রু নদীর,
হেথা শিখে জয় করে গফ্ মহাবীর। (১)
আঠার শ উনপঞ্চাশ সনে গুজরাটে,
শিখ সহ ইংরাজের ঘোর যুদ্ধ ঘটে;
সেই যুদ্ধে পরাজিত হ'লে শিখ দলে;
পঞ্জাব প্রদেশ আসে ইংরাজ-দখলে।
মুশুরী লাণ্ডোর মরি সিমলা নৈনিতাল; (২)
স্বাস্থ্যকর স্থান বলি খ্যাত চিরকাল।
অবস্থিত ভরতপুর রাজপুতনায়,
এরমত দৃঢ় দুর্গ ভারতে কোথায়?
লেকের বিমুখ পরে, কম্বর-মিয়ার
আঠার শ ছাব্বিশ সনে করে অধিকার।
মান্দ্রাজ বোম্বাই দুই প্রেসিডেন্সি হয়,
বোম্বাই বাণিজ্যে খ্যাত জানিবে নিশ্চয়।
অবস্থিত মলবর পশ্চিমোপকূলে,
এখানে এলাচ গাছ বিস্তর জঙ্গলে;
বাহাদুরী কাষ্ঠ, আর সেগুণ সুন্দর,
আরও এদেশে জন্মে মরিচ বিস্তর।

১। এইখানে ১৮৪৫ অব্দে যুদ্ধ হয়।

২। মুশুরী; লাণ্ডোর ও নৈনিতাল উত্তর পশ্চিম প্রদেশে এবং সিমলা ও মরি পঞ্জাব প্রদেশে অবস্থিত।

শ্রীরঙ্গপট্টন, অবস্থিত মহীশূরে,
এইখানে হাইদর রাজধানী করে,
ইংরেজের সেনাপতি ওয়েলিংটন—
সতের শ নিরান্নই সনে আক্রমণ
করিলে, সে যুদ্ধে টিপু ত্যজিলে জীবন,
হয় মহীশূর রাজ্য-পতন সাধন।
কৃষ্ণা জেলা মধ্যে স্থিত মছলিপট্টন,
ইংরাজেরা করে হেথা কুঠি সংস্থাপন।
মঙ্গলুর কানাডার সদর ষ্টেশন,
ইংরাজ টিপুর সন্ধি এখানে স্থাপন। (১)
আর্কাড় জেলায় স্থিত বেলুর নগর,
হেথা আছে দুর্গ এক, মন্দির বিস্তর;
আঠার শ ছয় সনে হিন্দু সৈন্যগণ,
করে ছিল ইংরাজের বিদ্রোহাচরণ।
বোম্বায়ে নাশিক, পূর্ব্বে পঞ্চবটী খ্যাত,
হিন্দুদের তীর্থস্থান সবে অবগত।
পেশোয়াদিগের পূর্ণ প্রভুত্বের কালে,
পুনা ছিল রাজধানী বিদিত সকলে।
তাপ্তী নদী মোহনায় সুরাত সংস্থিত,
মোগল-প্রাধান্যকালে বিশেষ বিখ্যাত;
ষোল শত তের অব্দে ইংরাজ কোম্পানি,
এখানে স্থাপিয়ে কুঠি রাখ শিখো জানি,

১। মঙ্গলুর সন্ধি ১৭৮৩ খৃষ্টাব্দে হয়।

আর্কাড় জেলায় পণ্ডিচেরি অবস্থিত,
এ নগর ফরাসিগণের অধিকৃত,
ইংরাজ ফরাসি যুদ্ধে কূটের বিক্রমে,
অধিকৃত সতেরশ একষট্টি সনে ;
সেই হতে এ প্রদেশে ফরাসিরা আর,
উন্নতি লভিতে না পারিল পুনর্ব্বার।
বন্দীবাস, পণ্ডিচেরী-নিকটে সংস্থিত,
কূটের বিক্রমে লালী তেথা পরাজিত।

পূর্ব্ব-উপদ্বীপ।

ব্যাঙ্কক, মেনাম-তীরে শ্যাম রাজধানী ;
চিয়েংমাই প্রধান নগর বলি জানি।
কাম্বোডিয়া রাজধানী পানম্পিঙ জান,
কাম্পট নগর হয় বাণিজ্যের স্থান।

চীন।

চীন-রাজ্য রাজধানী পিকিন নগর,
বিখ্যাত প্রাচীরে ঘেরা ইহার উত্তর ;
দ্বিসহস্র বর্ষ পূর্ব্বে সীমা-রক্ষা-তরে,
চীনবাসী এ প্রাচীর নিরমাণ করে।
নানকিন্, ইয়াংসিকিয়াং নদী-তীরে,
শিল্প কর্ম্ম জন্য খ্যাত হয় চরাচরে।
কাণ্টন চীনের এক প্রসিদ্ধ নগর,
বিদেশী-বণিকদের বাণিজ্য-বন্দর ;
এ নগরে বহু লোক নদীর উপরে,
ভাসমান গৃহ-মাঝে অবস্থান করে।

হাংচিউ নগর অতি সুন্দর সহর,
চা রেশম বাণিজ্যেতে খ্যাত বরাবর।
আময় উচাও খ্যাত বাণিজ্যের তরে;
লানচাও বিখ্যাত চীনে-বাসন-কারবারে।
কিংকিংতাও রাজধানী হয় কোরিয়ার,
ফুসানে বিদেশী-পণ্যবাহী-অধিকারী।

তাতার।

পশ্চিম তাতারে স্থিত খীবা ও বুখারা,
বিস্তৃত বাণিজ্য তরে খ্যাত হয় এরা।

এশিয়িক রুশিয়া।

পত্তী ও বাতুম, কৃষ্ণ সাগরের তীরে,
রক্ষিত বন্দর হয় রুশিয়া মাঝারে।
কেরোসিন তৈল-কূপে বাখু সু-বিখ্যাত,
এ নগর কাস্পিয়ান তীরে অবস্থিত।
খোকন কোজেন্ত দুই বাণিজ্যের স্থান,
তাস্কন্দ নগর শিল্প-বাণিজ্যে প্রধান।
পঞ্চডিহি আফগান-সীমানায় স্থিত,
রুশ-আফগান যুদ্ধে বিশেষ বিখ্যাত।
মুর্গাব নদীর তীরে মার্ব্ব অবস্থিত,
সেলজুক্ বংশের রাজধানী বলি খ্যাত।

তিব্বত।

লাসা হয় তিব্বত দেশের রাজধানী;
টেস্থলম্বু বিখ্যাত নগর বলি জানি।

খাসগড় অবস্থিত পূরবন্তাতারে,
তথাকার রাজধানী খ্যাত চরাচরে।
বিদ্যা-আলোচনে খ্যাত ইয়ারখন্দ হয়;
খোতান নগরে আছে বহু শিল্পালয়।

আফ্‌গানিস্তান।

কাবুল, কাবুল-নদী-তীর অবস্থিত,
দুর্ভেদ্য পরিখা দ্বারা চৌদিক বেষ্টিত।
আঠার শ উনয়াশি সনে এই স্থানে,
কাবারিণ হত হন অনুচর সনে;
তারপর ইংরাজেরা সেরপুর রণে,
দখল করেন ইহা জিনি আফগানে।
হিরাত ও কান্দাহার আফ্‌গানিস্তানে,
খ্যাত স্থলবণিকের বাণিজ্য-কারণে।
সংস্থিত জলালাবাদ খাইবার পাশে,
ভুবন বিখ্যাত হয় সৈনিক নিবাসে।
পুরাকালে বল্ক খ্যাত বাহ্লীক বলিয়া,
প্রাচীন সহর অতি রাগহ জানিয়া।
কাবুলের আশি মাইল দক্ষিণ পশ্চিমে,
গজনি নগর স্থিত রেখ সবে জেনে;
আঠার শ উনচাল্লিশ-বিয়াল্লিশ সনে,
আক্রমণ করে ইহা বৃটনীয় গণে।

পারশ্য।

পারশ্যের রাজধানী হয় তেহারাণ;
বাণিজ্য-কারণে খ্যাত আছে ইস্পাহান।

সুরা ও উদ্যান-তরে শিরাজ বিখ্যাত,
হাফেজ-সমাধি-গৃহ এই স্থানে স্থিত।
উর্ম্মিয় হ্রদের তীরে তাব্রিজ নগর,
পারস্যের মধ্যে ইহা বৃহৎ সহর।
কর্ম্মণ ও ইয়েজেদ শিল্প-জন্য খ্যাত ;
মেশেদ পবিত্র স্থান শিল্পেতে বিখ্যাত।
হামাদানে হয় ভাল কার্পেট নির্ম্মাণ ;
বুশিয়র পারস্যের বন্দর প্রধান। (১)

আরব।

আরবের রাজধানী মস্কত নগর,
মুক্তাদির ব্যবসায় খ্যাত চরাচর।
আদন আরবে, স্থিত সমুদ্রের ধারে,
ইংলণ্ডে জাহাজ যেতে এইখানে ধরে। (২)
পারস্য নগরাগত মক্কা যাত্রিগণ,
হেল নগরেই করে বিশ্রাম গ্রহণ।

এশিয়িক তুরক।

এশিয়া মাইনরে স্মার্ণা সমৃদ্ধ সহর,
শুষ্ক ফল রপ্তানিতে খ্যাত এ নগর।
উত্তরে সিনোপি হয় সামুদ্র বন্দর ;
কোনিয়ে নগরে জন্মে কার্পেট সুন্দর।
রেশম মুকুতা আর মণি-ব্যবসায়,
দামস্কস সু-বিখ্যাত হয় সীরিয়ায়।

১। বুশিয়র ইহার অন্য নাম আবুসহর।
২। যে সকল জাহাজ ভারতবর্ষ হইতে ইংলণ্ডে যায়।

ত্রিবেণী মুর্শিদাবাদ বহরমপুর,
উলুবেড়ে পলাশীরমাঠ শান্তিপুর,
হুগলী বারাকপুর ও হালিসহর,
চঁচুড়া শ্রীরামপুর আর কোন্নগর,
হাওড়া কাটোয়া আরো ডায়মণ্ডহার্ব্বার,
ভাগীরথী তীরে আছে জানা সবাকার।

সেওয়াল, আটক লে ডেরাগাজীখাঁ,
হায়দরাবাদ দেরাইস্মাইলখাঁ,
শক্কর মিথুনকোট ক্ষেত্রী তাতা আর,
সিন্ধুনদী-তীরে স্থিত বিদিত সংসার।

সোব্রাওঁ আলিওয়াল বহাবলপুর,
রূপুর ফেরোজপুর, তীরে শতদ্রুর।

ডেব্রুগড় বিশ্বনাথ আর তেজপুর,
গৌহাটী গোয়ালপাড়া লাসা লক্ষ্মীপুর,
আসামে ছুরং, মুন্সীগঞ্জ বঙ্গ-মাঝে,
ব্রাহ্মপুত্রতীরে স্থিত বিদিত সমাজে।

কটক সম্বলপুর সোলাপুর আর,
মহানদী তীরে স্থিত জানা সবাকার।

কাবেরী নদীর তীরে শ্রীরঙ্গপট্টন,
তাঞ্জোর ত্রিচিনপল্লী ও নগপট্টন।

কন্দাপল্লী আর আছে মছলীপট্টন
কৃষ্ণানদী তীরে; ইহা জানে সর্ব্বজন।

গঙ্গার উপনদী ও শাখানদীর নাম

রাম-গঙ্গা মহানন্দা যমুনা গোমতী,
গণ্ডকী ঘর্ঘরা কালী শোন বাঘমতী,
রেবতী কৌষিকী এই উপনদী চয়,
গঙ্গানদী-উপনদী জানিও নিশ্চয়।
ভাগীরথী মধুমতী কীর্ত্তিনাশা আর,
জলঙ্গী গড়ুই গঙ্গা শাখা হেন সার।

সিন্ধুর উপনদী।

শতদ্রু বিতস্তা বেয়া আর ইরাবতী,
আরো চন্দ্রভাগা হয় সিন্ধু উপনদী।

ইউরোপ।

পরিমাণ ফল ৩৮,০০,০০০ বর্গ মাইল। লোক সংখ্যা ৩১,৭০,০০,০০০।

সীমা—ইহার উত্তরে উত্তর মহাসাগর, পূর্ব্বে কাস্পিয়ান-সাগর, উরল নদী ও উরল পর্ব্বত; দক্ষিণে ভূমধ্য-সাগর, আর্কিপিলেগো, মর্ম্মরসাগর, কৃষ্ণসাগর ও ককাশস্ পর্ব্বত; পশ্চিমে আটলাণ্টিক মহা-সাগর।

ইউরোপে নিম্নলিখিত ২২টী দেশ আছে; যথা :—

দেশ	রাজধানী	দেশ	রাজধানী
১। গ্রেটবৃটন—		৬। জর্ম্মণ সাম্রাজ্য—	
ইংলণ্ড	... লণ্ডন	প্রসিয়া	... বার্লিন
স্কটলণ্ড	... এডিন্‌বরা	ওর্টেম্বর্গ	... ষ্টুটগার্ট
২। আয়লণ্ড	... ডব্‌লিন	বাভেরিয়া	... মিউনিক
৩। সুইডেন	... ষ্টকহলম	সাক্সনি বা সাক্সেন	... ড্রেসডেন
৪। নরবে	... ক্রিষ্টিয়ানা		
৫। রুশিয়া	... সেণ্টপিটর্সবুর্গ	বাদন	... কারলস্রু

দেশ	রাজধানী	দেশ	রাজধানী
৭। দেন্মার্ক	কোপেন্‌হেগেন	১৫। ইতালি	রোম
৮। হলন্দ	আমস্তার্দ্দন	১৬। গ্রীস	আথেন্স
৯। বেলজিয়ম	ব্রসেল্‌স্	১৭। তুরস্ক	কনস্তান্তিনোপল
১০। ফ্রান্স	পারিস	১৮। বুলগেরিয়া	সোফিয়া
১১। স্বইজর্লণ্ড	বরণ	১৯। রুমাণিয়া	বুকারেস্ত
১২। অস্ত্রিয়া	বিয়েনা	২০। সার্ব্বিয়া	বেলগ্রেদ
১৩। পর্ত্তুগাল	লিস্‌বন্	২১। মন্তেনেগরো	শেত্তিনে
১৪। স্পেন	মাদ্‌রিদ্		

সাগর।

শ্বেত পারাবার আছে রুশিয়া উত্তরে ;
ঈজিয়ান স্থিত, গ্রীস-তুরস্ক-মাঝারে। (১)
গ্রেটবৃটন, আর ডেন্মার্ক মাঝারে,
উত্তর সাগর (২) আছে রাখ মনে ক'রে।
আয়র্লণ্ড্-ইংলণ্ড্-মাঝে আইরিষ স্থিত ;
য়ুরোপ-আফ্রিকা-মাঝে ভূমধ্য বিদিত।
মর্ম্মর সাগর দুই তুরস্কের মাঝে ;
রুশিয়ার দক্ষিণাংশে আজব বিরাজে।
সুইডেন দেশ আর রুশিয়া-মাঝারে,
বাল্টিক সাগর আছে, জ্ঞাত চরাচরে।

১। তুরস্ক অর্থাৎ এশিয়িক তুরস্ক।
২। ইহার অন্য নাম জর্ম্মণ মহাসাগর।

রুশিয়া ও এশিয়িক তুরঙ্কের মাঝে,
কৃষ্ণ সাগর স্থিত বিদিত সমাজে।

উপসাগর।

উত্তর সাগর আর বাল্টিকের মাঝে,
কাট্টিগাট স্কাগারাক এ দুই বিরাজে।
বোথনিয়া অবস্থিত বাল্টিক-উত্তরে;
পূরবে ফিন্‌লণ্ড্-রীগা জ্ঞাত চরাচরে।
ফ্রান্সের পশ্চিমে স্থিত বিস্কে জেন সার,
লিয়ঁ অবস্থিত হয় দক্ষিণে উহার।
জেনোবা ইতালি দেশে-উত্তর-পশ্চিমে;
তারান্তো উপসাগর ইতালি-দক্ষিণে।
ইজাইনা গ্রীসদেশ পূর্ব্বঅংশে রয়;
তুরঙ্ক দক্ষিণে সালোনিকা সু-নিশ্চয়।
করিন্থ উপসাগর গ্রীসের পশ্চিমে
আছে অবস্থিত, সদা রাখিবেক মনে।

দ্বীপ।

আর্কনে আইস্‌লণ্ড্ ফারো আয়র্লণ্ড্,
আজোস ও এঙ্গলসী মান সেটলণ্ড্,
বৃটন হেব্রাইডীজ এ দ্বীপ নিচয়,
আট্‌লান্টিক্-মাঝে আছে জানিবে নিশ্চয়।
আইয়োনিয়ান (১) গোজো কমিনো কান্দিয়া,
ম্যাজর্কা মিনর্কা মণ্টা এল্‌বা সার্দ্দিনিয়া,

১। করফু, জাণ্টি, সেফালোনিয়া, ইথাকা, শান্তামোরা, প্যাক্সো ও সেরেগো এই সাতটী দ্বীপকে আইয়োনিয়ান দ্বীপপুঞ্জ বলে।

ইভীসা ফরমেস্তেরা কর্সিকা ও আর—
সিসিলি-লিপারি আছে ভূমধ্য মাঝার।
ইউসেল ফিউনেন ডাগো গটলণ্ড,
ইউলাণ্ড রিউগেন লালণ্ড্ জীলণ্ড্,
আর ও ওলণ্ড্ দ্বীপ বরণহলম
বাল্টিক সাগরে আছে, রাখিবে স্মরণ।
স্পিটস্বর্গেন, দ্বীপপুঞ্জ লফোদন,
উত্তর মহাসাগরে রাখিবে স্মরণ।
ইউবিয়া-সিক্লাডিজ, ঈজিয়নে রয়,
সর্ব্বদা রাখিবে মনে বালক নিচয়,

উপদ্বীপ।

রুশিয়ার দক্ষিণাংশে সংস্থিত ক্রিমিয়া;
অবস্থিত গ্রীস দেশ-দক্ষিণে মোরিয়া।
ডেন্মার্কেতে যৎলণ্ড; পর্তুগাল-স্পেন,
ইতালি-আরও, নরওয়ে-সুইডেন, (১)
এই সব উপদ্বীপ য়ুরোপ-মাঝারে
আছে অবস্থিত, শিশো? রাখ মনে ক'রে।

যোজক।

করিন্থ ও পেরেকপ্ এ যোজক দ্বয়,
ইউরোপ-মাঝে আছে জানিবে নিশ্চয়।
প্রথমে মোরিয়া গ্রীসে করেছে মিলিত;
দ্বিতীয়ে রুশিয়া দেশে ক্রিমিয়া সহিত।

১। নরওয়ে-সুইডেনকে স্কাণ্ডিনেবিয়া এবং স্পেন-পর্ত্তুগালকে আইবিরিয়া উপদ্বীপ কহে।

প্রণালী।

উত্তর সাগর আর ইংলিস সাগরে,
ডোবর্ প্রণালী, শিশো ? সংযোজিত করে।
সুইডেন দেশ আর জীলণ্ডের মাঝে,
সাউণ্ড প্রণালী স্থিত বিদিত সমাজে।
ফিউনেন্ দ্বীপ আর ডেন্মার্ক-মাঝারে,
প্রণালী লিটলবেল্ট রাখ মন ক'রে।
আটলাণ্টিকের সহ ভূমধ্য সাগর,
জিব্রল্টর দ্বারা যুক্ত জ্ঞাত চরাচর।
দার্দ্দানেলজ, ঈজিয়ান-মর্ম্মর সাগরে
করেছে সংযোগ, শিশো ? রে'খ মনে ক'রে
ইংলিস প্রণালী ফ্রান্স ইংলণ্ড-মাঝারে,
বসপোরস্, যুজে কৃষ্ণ মর্ম্মর সাগরে।
ফিউনেন দ্বীপ আর জীলণ্ড-মাঝারে,
অবস্থিত গ্রেটবেল্ট জানে চরাচরে।
ইনিকালে কৃষ্ণ আর সাগর আজবে
করেছে সংযোগ, ইহা জেন শিশু সবে।
বনিফাসো, সার্দ্দিনিয়া-কর্সিকার মাঝে ;
ইতালি-সিসিলি-মাঝে মেসীনা বিরাজে।
গ্রেটবৃটন, আর আয়র্লণ্ড্ মাঝারে,
অবস্থিত সেণ্টজর্জ জ্ঞাত চরাচরে।

হ্রদ।

বেনর, বেটর, হিয়েলমার সুইডেনে,
আরও মেলার আছে রাখিবেক মনে।

লাডোগা ওনেগা সৈমা পেইপুশ আর,
এই কয় হ্রদ আছে রুশিয়া-মাঝার।
কনস্তান্স লুসরণ জেনেব যুরিক,
সুইজরলণ্ডে আছে জানিবেক ঠিক।
আরণ রী ডার্গ আর নে আয়র্লণ্ডে,
লোমন টে কেটরিণ আছে স্কটলণ্ডে।
মাদজোরে কোমো গার্দা ইতালি-উত্তরে,
আছে অবস্থিত ইহা বিদিত সংসারে।

পর্ব্বত।

ইতালী অষ্ট্রিয়া ফ্রান্স জর্ম্মণির মাঝে,
ইউরোপ-শ্রেষ্ঠ গিরি আল্প সু-বিরাজে।
ফ্রান্স ও স্পেনের মধ্যে পিরেনিজ স্থিত ;
আপেনাইন্ গিরি ইতালিতে সংস্থাপিত।
চীভিয়ট, স্কটলণ্ড্ ইংলণ্ডের মাঝে ;
এশিয়া-য়ুরোপ-মাঝে উরল বিরাজে।
রোদপি পিন্দস আর তুরস্কে বল্কান ;
অষ্ট্রিয়া-উত্তর-পূর্ব্বে কারপেথিয়ান।
গিয়েরাগোরেনা স্থিত স্পেনের মাঝার,
সিয়েরানেবাদা আরো আছে কাষ্টীলার।
পর্ব্বত ডোবরফেল্ড নরবেতে রয় ;
হুদেতিক জর্ম্মণিতে জানিবে নিশ্চয়।

আয়র্লণ্ডদক্ষিণাংশে জানিবে ক্লিয়ার ;
স্পেন দেশ-দক্ষিণাংশে স্থিত ত্রাফাল্গার।

ডনকান্সবাইহেড্‌-রাথ স্কটলণ্ড-উত্তর;
নরবে-দক্ষিণে নেজ জ্ঞাত চরাচর।
দিলিউকা স্পার্ভিবেন্তো ইতালি-দক্ষিণে;
গ্রীসের দক্ষিণে মাটাপান সবে জানে।
নর্টকিন নর্থকেপ (১) নরবে-উত্তরে;
ফ্রান্সেতে লাহোগ আছে জ্ঞাত চরাচরে।
পর্ত্তুগাল-পশ্চিমাংশে রোকা অবস্থিত;
পাসারো সিসিলিদ্বীপ-দক্ষিণেতে স্থিত।
আইসলণ্ড্‌-উত্তর-পশ্চিমে আছে নর;
স্ক অন্তরীপ স্থিত ডেন্মার্ক-উত্তর।
ফিনিস্তেয়র স্পেন দেশ-পশ্চিম-উত্তরে,
আরো তথা আর্ত্তেগাল রাখ মনে ক'রে।
ফোরলণ্ড্‌ লাণ্ডসেণ্ড্‌ অন্তরীপ আর,
লিজার্ড ও অবস্থিত ইংলণ্ড মাঝার।

নদী।

উত্তররুশিয়া দিয়া হ'য়ে প্রবাহিত,
উত্তর মহাসাগরে পেশোরা পতিত।
বলগডা প্রদেশে (২) জন্ম ডুইনা লভিয়া,
শ্বেত সাগরেতে পড়ে রুশ-মধ্য দিয়া।
লাডোগা হ্রদেতে জন্মি নেবা প্রবাহিনী,
ফিনলণ্ডোপসাগরে পড়েছে রাখ জানি।

১। ইহার বাঙ্গালা নাম উত্তর অন্তরীপ।
২। বলগডা প্রদেশ রুশিয়ার অন্তর্গত।

নিমেন প্রেগল এই স্রোতস্বতী দ্বয়,
রুশ দিয়া বাল্টিকে পড়েছে সু-নিশ্চয়।
কার্পেথিয়ান পর্ব্বতে বিস্তুলা জনমিয়া,
বাল্টিক সাগর সহ মিলিছে আসিয়া।
ওডর প্রশিয়া দিয়া বাল্টিক সাগরে ;
শানন আয়র্লণ্ড দিয়া আটলাণ্টিকে পড়ে।
এল্‌ব নদী অষ্ট্রিয়া জর্ম্মণি-মধ্য দিয়া,
উত্তর সাগর মাঝে পড়েছে আসিয়া।
আল্প পর্ব্বত, হয় রাইন-জন্মভূমি,
সুইজর্‌লণ্ড ফ্রান্স হলন্দ-জর্ম্মণি,
এই কয় দেশ দিয়া হ'য়ে প্রবাহিত,
উত্তর সাগর মাঝে হয় নিপতিত।
ইংলণ্ডের মধ্য দিয়া টেমস-হস্বর
মিলিত হয়েছে সহ উত্তর সাগর।
আল্পগিরি হ'তে রোণ হ'য়ে বহির্গত,
ফ্রান্স দিয়া লিয়ঁ উপসাগরে পতিত।
স্পেন দেশ দিয়া ইব্রো ভূমধ্যসাগরে,
গুাদিয়ানা দূরো তেজো আটলাণ্টিকে পড়ে।
ইতালির মধ্য দিয়া হ'য়ে প্রবাহিত,
আদ্রিয়াতিকের মাঝে পো নিপতিত।
দানিয়ুব বাদন প্রদেশে জনমিয়া, (১)
সার্ব্বিয়া ও রুমানিয়া জর্ম্মণি অষ্ট্রিয়া,

১। বাদন প্রদেশ-জর্ম্মণির অন্তঃপাতী

এই কয় দেশ দিয়া হ'য়ে প্রবাহিত,
কৃষ্ণসাগরের মাঝে হয়েছে পতিত।
নীপর ও ডন রুশ দেশে প্রবাহিত,
যথাক্রমে কৃষ্ণ সিন্ধু, আজবে পতিত।
রুশিয়ার মধ্যস্থিত বলদাই পাহাড়ে
জনমিয়া, বল্গানদী কাস্পিয়ানে পড়ে।
উরল পর্ব্বত হ'তে হ'য়ে বহির্গত,
কাস্পিয়ান সাগরেতে উরল পতিত।

ইউরোপের প্রধান প্রধান নগরের বিবরণ।

ইংলণ্ড।

বৃটনের রাজধানী লণ্ডন নগর,
সংস্থাপিত টেমসের দুই তীরোপর,
পৃথিবীর মধ্যে ইহা প্রকাণ্ড সহর,
কাহারো বাণিজ্য নাই ইহার সোসর,
ইংলণ্ডীয় ব্যাঙ্ক আর বিশ্ববিদ্যালয়,
সেণ্টপল গির্জা আদি হর্ম্ম্য এথা রয়,
ক্রিষ্টালপ্যালেস নামে কাচের ভবন,
পূরব-দক্ষিণ-ভাগ করে সুশোভন,
এ নগরে টেমসের গর্ত্তের ভিতর,
সুশোভিত হয় রাজ বর্ত্ম মনোহর।
তুলার কাপড় তরে মাঞ্চেষ্টার খ্যাত,
আরো জন্মে কার্পেট ও কল নানা মত।

বার্কেনহেডেতে হয় জাহাজ তৈয়ার,
ষ্টাফর্ড নগরে চামড়ার কারবার।
বিশ্ববিদ্যালয় তরে কেম্ব্রিজ বিখ্যাত,
হেথা হয় প্রধানতঃ গণিত অধীত।
আভন নদীর তীরে বর্ম্মিংহাম স্থিত,
ধাতুর সামগ্রী হয় এখানে নির্ম্মিত।
গ্রীনইচ সহরে আছে নৌ-বিদ্যালয়,
ইংরাজী দ্রাঘিমারম্ভ এইখানে হয়।
দশশ ছয়ট্টি সনে হেষ্টিংস-নিকটে,
ইংরাজ ও উইলিয়মের যুদ্ধ ঘটে;
সেই যুদ্ধে ইংরাজেরে করি পরাজয়,
উইলিয়ম ইংলণ্ডের সিংহাসন লয়।
টেমস্ নদীর তীরে অক্সফোর্ড স্থিত,
বিদ্যালয়, নাচঘর-তরে সুবিখ্যাত।
হেনলি মৃণ্ময়পাত্রজন্য সুবিখ্যাত।
বুটাদার ফিতা হেথা হয় নানা মত।
পনের শ' নিরানব্বই সনে হণ্টিংটনে,
ক্রমওয়েলের জন্ম থাকে যেন মনে।
স্থাপিত ব্রিষ্টল, তীরে আভন নদীর,
রামমোহনের আছে সমাধি-মন্দির।
লিঙ্কন কাউণ্টি মাঝে বোষ্টন সংস্থিত,
শস্যের বাণিজ্য তরে বিশেষ বিখ্যাত।
বুটাদার ফিতা আর ষ্টকিঙ্গের তরে
নটিংহাম, ডার্ব্বি খ্যাত দিগ্‌দিগন্তরে।

হল হয় ইংলণ্ডের চতুর্থ বন্দর,
হালিফাক্স পশমীদ্রব্যে খ্যাত চরাচর।
শেফিল্ড নগরে হয় ধাতুর গঠন,
আরো সু-বিখ্যাত নানা অস্ত্রের-কারণ।
লিবরপুল্ অবস্থিত মার্শে নদী-তীরে,
বিখ্যাত বন্দর আর বাণিজ্যের তরে।
বিশ্ববিদ্যালয় জন্য খ্যাত ডরহাম;
সাণ্ডারলণ্ডেতে হয় জাহাজ-নির্ম্মাণ।
ইয়র্ক নগর স্থিত উজ নদী-তীরে,
দ্বিতীয় যাজকাধ্যক্ষ হেথা বাস করে।
সেক্স্‌পিয়র-জন্মভূমি ষ্টাটফর্ড হয়;
বিদ্যালয়ে রগবী খ্যাত জানিবে নিশ্চয়।
উষ্টারে জনমে ভাল চীনের বাসন;
কিডরমিনিষ্টর খ্যাত কার্পেট-কারণ।
কিংষ্টন নগর অতি প্রাচীন সহর;
মেড্‌ষ্টোন বাণিজ্যেতে খ্যাত চরাচর।
চ্যাটাম নগর রণপোতের আশ্রয়,
আরো যুদ্ধ-অস্ত্র-শস্ত্র এইখানে রয়।
আভন নদীর তীরে বাথ অবস্থিত,
স্বাস্থ্যকর স্থান আর প্রস্রবণে খ্যাত।
প্লিমথ-ডিবনপোর্ট রণ-পোতাশ্রয়,
দ্বিতীয়ে জাহাজ সব মেরামত হয়।
সামুদ্রিক ডাক আড্ডা সাউদাম্‌টন,
এক্সেটার সু-বিখ্যাত বাণিজ্য-কারণ।

মোল্ডের নিকট লৌহ শীসার আকর
আরও এখানে কয়লা জনমে বিস্তর।

স্কটলণ্ড।

এডেনবর রাজধানী স্কটলণ্ডের হয়,
এ নগরে আছে এক বিশ্ববিদ্যালয়।
পাট আর পশমের কলকারখানায়
ডণ্ডি বন্দর হয় বিখ্যাত ধরায়;
হাডিংটন খ্যাত শস্য-বাণিজ্য-কারণ;
মফাটে ধাতুর কূপ রাখিবে স্মরণ।
ডম্বার্টনেতে হয় জাহাজ-নির্ম্মাণ;
গ্রিণক, বন্দর আর বাণিজ্যের স্থান।
সেণ্টআনড্রুজ খ্যাত বিশ্ববিদ্যালয়ে;
ডনফরলিন্ খ্যাত বহু শিল্পালয়ে।
এবর্ডিন পূর্ব্বকূলে বাণিজ্যের স্থান,
হেথা এক বিশ্ববিদ্যালয় বর্ত্তমান।
বিলাতী শাল-সূতা-বস্ত্রাদির তরে,
স্কট্লণ্ডে পেস্লি খ্যাত হয় চরাচরে।
গ্লাসগো স্কট্লণ্ডের বৃহৎ সহর,
শিল্পজাত বস্তু হেথা জন্মে বহুতর।
কলের জাহাজ হেথা হয় নিরমিত,
আরো জন্মে এ নগরে কল বহুবিধ।

আয়র্লণ্ড।

আয়র্লণ্ড-রাজধানী ডবলিন নগর;
কিংষ্টাউন হেথাকার উৎকৃষ্ট বন্দর।

লণ্ডনডেরি খাদ্য দ্রব্য বাণিজ্যের স্থান ;
বেলফাষ্ট শিল্প আর বাণিজ্যে প্রধান।
লিমেরিক্ সমুদ্রকূলে প্রধান বন্দর,
এখানে জরীর কাজ হয় মনোহর।

সুইডেন্।

সুইডেন্-রাজধানী ষ্টকহলম্ হয় ;
বাণিজ্যে গটেনবুর্গ্ বিখ্যাত নিশ্চয়।
কালমার বন্দর, স্থিত সমুদ্রের তীরে,
মালমোতে সুইডেনপতি শীতে বাস ক'রে।
বিদ্যালয় জন্য খ্যাত উপশালা হয়,
এ নগর সুইডেনে জানিবে নিশ্চয়।

নরবে।

বিদ্যালয়-রাজধানী তরে ক্রিষ্টিয়ানা,
নরবে মাঝারে খ্যাত সবাকার জানা।
রিউরস কংস্‌বর্গ এ নগর দ্বয়
তাম্র আর রৌপ্য-খনি-জন্য খ্যাত হয়।
সু-বিখ্যাত হর নস্ লৌহ খনিতরে ;
বার্গেন্ বিখ্যাত, শুষ্ক মৎস্যের কারবারে।

রুশিয়া।

সেণ্টপিটর্সবুর্গ্ স্থিত নীবা নদী-তীরে,
রুশিয়ার রাজধানী বিদিত সংসারে।
শ্বেত সাগরের তীরে আর্কেঞ্জল স্থিত,
রুশিয়ার প্রধান বন্দর বলি খ্যাত।

রাজান ও সারাটব বাণিজ্যের স্থান ;
ধাতুর দ্রব্যাদি হয় পেরমে নির্ম্মাণ।
বন্দর ও শস্যাদির বাণিজ্যের তরে
রেবেল ও রীগা খ্যাত রুশিয়া-মাঝারে।
অষ্ট্রাকান অবস্থিত বলগা-মোহনায়,
মৎস্যের কারবার আছে প্রচুর হেথায়।
নিজনিনবগোরড, মেলা-জন্য খ্যাত ;
মস্কোর প্রকাণ্ড ঘণ্টা ভুবন বিদিত।
স্মোলেনস্ক, নীপর নদীর তীরে স্থিত,
ফরাসী-বিক্রমে রুশ হেথা পরাজিত।
টুলায় লৌহের দ্রব্য বহুতর হয়,
রুশিয়ার বর্ম্মিংহাম এ কারণে কয়।
শিবাস্তোপলেতে আছে দুর্গ অস্ত্রাগার,
রুশিয়ার রণপোত-আড্ডা জানু আর,
এইখানে আঠার শ' ছাপান্ন সালে
যুদ্ধ হয়, ইংরেজ রুশিয় দুই দলে,
রুশিয়েরা এক বর্ষ রক্ষি প্রাণপণে,
অর্পণ করেন পরে বৃটনীয়গণে।
কৃষ্ণসাগরের তীরে ওডেসা সংস্থিত,
রুশিয়ার প্রধান বন্দর বলি খ্যাত।

জর্ম্মণি।

বিশ্ববিদ্যালয় আর রাজধানী-তরে
বার্লিন নগর খ্যাত প্রসিয়া-মাঝারে।

হনোবর, সু-বিখ্যাত বাণিজ্য-কারণে,
ইংলণ্ডের রাজবংশ ছিল এইখানে।
মেলা-জন্য সু-বিখ্যাত ফ্রাঙ্কফর্ড নগর;
ডানজিগ্‌ সামুদ্রিক প্রধান বন্দর।
টোরণ নগর স্থিত প্রসিয়া-মাঝারে,
কোপরনিকস হেথা জন্মলাভ করে।
অডিকোলনের তরে বিখ্যাত কোলন;
আকেন নগরে আছে উষ্ণ প্রস্রবণ।
সাক্সোনে ড্রেসডেন খ্যাত চিত্রালয়-তরে,
লিপজিগ প্রসিদ্ধ অতি পুস্তক-কারবারে।
বাদনেতে মানহীন বাণিজ্য-বন্দর
রাজধানী-কারলস্ক্র সুদৃশ্য সহর।

দেন্মার্ক।

কোপনহেগেন, দেন্মার্কের রাজধানী,
বাণিজ্য ও বিদ্যালয়ে খ্যাত রাখ জানি।
সাবান দস্তানা আর পশমী কাপড়,
ওদেন্সেনগর-মাঝে জন্মে বহুতর।
বন্দর ও পোতাশ্রয়ে খ্যাত এল্‌সিনর;
অর্হুস ও আলবর্গ সামুদ্র বন্দর।

হলন্দ।

হলন্দের রাজধানী আমস্তার্দাম;
জিনি মদ্য-তরে খ্যাত নগর স্কিদাম।
হলন্দের হেগ্‌ অতি সুন্দর সহর,
এ নগরে অত্যাশ্চার্য্য আছে যাদুঘর।

বেলজিয়ম।

বেলজিয়ম-রাজধানী ব্রসেলস হয় ;
ওয়াটর্লু যুদ্ধক্ষেত্র এর কাছে রয়,
এইখানে বীরশ্রেষ্ঠ নেপোলিয়ন্
ওয়েলিংটনের দ্বারা বন্দীকৃত হন।
তুর্ণে নগরে হয় কার্পেট-নির্ম্মাণ ;
কয়লা. লৌহ বাণিজ্যেতে বার্গেন প্রধান।
লিয়েজ নগর মাস-নদী-তীরে স্থিত,
লৌহের সামগ্রী আর অস্ত্রাদিতে খ্যাত।

ফ্রান্স।

পারিস নগর ফ্রান্স রাজ্য-রাজধানী,
পৃথিবীর দ্বিতীয় বন্দর বলি জানি।
চীনের বাসন-কাচ কারখানার তরে
সেবর নগর খ্যাত ফ্রান্সের ভিতরে।
বোর্দো ফ্রান্সের হয় দ্বিতীয় বন্দর,
সুরা-তৈল ফল হেথা জন্মে বহুতর।
রাজভবনের তরে প্রসিদ্ধ বাসাই ;
মার্সেল বাণিজ্যে খ্যাত বিদিত সবাই।
বেসার্সোঁ নগরে হয় ঘটীকা নির্ম্মাণ ;
আঁজে নাঁত দুনগর বাণিজ্যের স্থান।
শেরবুর্গ, তুলঁ, ব্রেস্ত আর রসফুর,
পোতাশ্রয়ে ফ্রান্সে খ্যাত এ চারি নগর।
ডোবর প্রণালী-পারে কালে অবস্থিত,
বহুকাল ছিল ইহা ইংরাজাধিকৃত ;

ফ্রান্স হ'তে ইংলণ্ডেতে করিতে গমন,
এই নগরেই করে জাহাজারোহণ।
পশমী কাপড় আর চীনের বাসনে
লিমোজ নগর খ্যাত রেশ শিশো মনে।
ভূ-মধ্য সাগর-তীরে মার্সেল বন্দর,
ফ্রান্সের মধ্যেতে অতি প্রাচীন সহর।
সু-বিখ্যাত হয় দিজ সুরা ব্যবসায়;
হাবর বন্দর বলি বিখ্যাত ধরায়।
ওয়েলিংটনের সহ ভীষণ সমরে
পরাজিত ফরাসিরা তুলুস নগরে।
রেশম কারখানা-জন্য লিয়ঁ সু-বিখ্যাত;
রেশমী পশমী বস্ত্রে তুর খ্যাত সবে জ্ঞাত
মাঁপলিয়ে নিস আর পো নগরত্রয়,
স্বাস্থ্যকর জল-বায়ু-জন্য খ্যাত হয়।

সুইজর্লণ্ড্।

বরণ নগর স্থিত আর নদী-তীরে, (১)
সুইসের রাজধানী খ্যাত চরাচরে। (২)
জেনেব হ্রদের তীরে জেনেব নগর,
রত্ন অলঙ্কার ঘড়ি জন্মে মনোহর।
তূলা আর রেশমের কারখানার তরে
যুরিক নগর খ্যাত সুইস-ভিতরে।

১। আর নদী—(আর নামক নদী)।
২। সুইস অর্থাৎ সুইজর্লণ্ড।

পর্ত্তুগাল।

পর্ত্তুগাল-রাজধানী জান লিস্‌বন ;
ওপর্ত্তো বিখ্যাত পোর্ট মদ্যের কারণ।

স্পেন।

স্পেনদেশ-রাজধানী মাদরিদ নগর,
দেখিতে সুন্দর অতি বৃহৎ সহর।
বার্সেলোনা-বালেনশিয়া শিল্প-ব্যবসায়
বিশেষ বিখ্যাত স্পেনে, বিদিত ধরায়।
বিশ্ববিদ্যালয় আর শিল্পশালা-তরে,
সালামান্‌কা সু-বিখ্যাত স্পেনের মাঝারে।
আঠার শ' বার অব্দে ফ্রান্সবাসিগণ
ওয়েলিংটনের কাছে পরাজিত হন।
করুণা ও সান্তান্দার আট্‌লাণ্টিক-তীরে,
বিখ্যাত, বন্দর আর বাণিজ্যের তরে।
নৌ-সমর-উপযোগী অস্ত্রাদির স্থান,
আরো কার্থেজিনা, হয় বন্দর প্রধান।

ইতালি।

টাইবর নদীরতীরে রোম অবস্থিত,
পুরাকালে ছিল রোম ভুবন বিদিত।
আড্রিয়াতিকের তীরে ব্রিন্দিসি বন্দর,
ভারতীয় মেল হেথা থামে নিরন্তর।
শিল্পালয়-জন্য খ্যাত মিলানো নগর,
হেথা আছে মার্ব্বলের গির্জা মনোহর।

গালিলিও-জন্মস্থান পীজা জান সার ;
লিবর্ণো (১) নগরে আছে নানা কারবার
আদ্রিয়াতিকের শিরে বেনিস নগর
সংস্থাপিত কতগুলি দ্বীপের উপর ;
স্থলপথ না থাকায়, নাগরিকগণ—
জলপথে করে সদা গমনাগমন,
পূর্ব্বকালে এ নগর ইউরোপ-মাঝে
বাণিজ্যে প্রধান ছিল, বিদিত সমাজে।
পার্ম্মার পণির হয় উৎকৃষ্টতর ;
মদেনা-ইতালি মাঝে সুন্দর সহর।
তুলা আর রেশমী কাপড়ের কারখানায়
কুনেও নগর জান বিখ্যাত ধরায়।
চৌদ্দশ চল্লিশ সালে জেনোবা নগরে,
সুবিখ্যাত কলম্বস জন্মলাভ করে।
অত্যুৎকৃষ্ট মকৃমল রেশমী কাপড়,
বাদ্য-যন্ত্র-অস্ত্র-শস্ত্র জন্মে বহুতর।
বিবিধ সৌখিন বস্তু হয় নিরমিত,
এ নগর ইতালিতে জানিবে নিশ্চিত।

গ্রীস।

ইজাইনা-উত্তরাংশে আথেন্স নগর,
গ্রীসদেশ-রাজধানী জানে চরাচর ;
বিশেষ বিখ্যাত ছিল প্রাচীন সময়,
এখনো তাহার বহু চিহ্ন দৃষ্ট হয়।

১। লিবর্ণোর অন্য নাম লেগহরণ

নাবারিণো নৈঋ্‌তের সামুদ্র বন্দর ;
বস্ত্র-শিল্প-জন্য খ্যাত লারীসা নগর।

তুরস্ক।

কনস্তান্তিনোপল, তুরস্কের রাজধানী ;
বাণিজ্য-কার্পেটে খ্যাত সালোনিকা জানি।
সোফিয়া নগর স্থিত বুলগেরিয়ায়
তথাকার রাজধানী বিদিত ধরায়,
আঠারশ' সাতাত্তর খৃষ্টীয় সনে
প্লেবনা দখল করে রুশবাসিগণে,
এইখানে তুরস্কের হলে পরাজয়,
রুশ তুরস্কের যুদ্ধ অবসান হয়।
সার্ব্বিয়ায় বেলগ্রেদ (১) রক্ষিত সহর ;
সিমেন্দ্রিয়া সেই স্থানে সদুর্গ নগর।

ইউরোপের প্রধান প্রধান নদী-তীরস্থ নগর।

আর্কেঞ্জেল বলগডা এ নগরদ্বয়,
ডুইনার তীরে স্থিত জানিবে নিশ্চয়।
ডানজিগ গ্রোডেণ্টস এলবিঙ আর,
টোরণ ও বার্ষ ক্রেকো, তীরে বিস্তুলার।
অষ্ট্রাকান সরাটব যারসাব স্বের,
নিজ্‌নিনবগোরড্‌ কাজীন টেভর,
এ সব নগর রয় বল্‌গার তীরে,
আর আছে ব্লাডিমার রাথ মনে ক'রে।

১। ইহার অন্য নাম বেলিগারদ।

কারলস্রু ষ্ট্রাসবুর্গ বেজল স্পিয়র,
কোলন বাজেল ক্লীব লীডেন নগর,
অবস্থিত রাইনের তীরে সু-নিশ্চয় ;
আরো ইউট্রেক্ত আছে মনে যেন রয়
শিয়ার্ণেস গ্রেবসেণ্ড্ গ্রীনইচ লণ্ডন,
অক্সফোর্ড রিচমণ্ড্ ঈটন্ কিংষ্টন,
আরও উইনজর এ নগর চয়,
টেমস নদীর তীরে জানিবে নিশ্চয়।
গালাচ ইসমেইল পেস্ত প্রেসবুর্গ,
বিয়েনা লিণ্টস বুড রেজেন্সবুর্গ,
বেলগ্রেদ কোমরণ আর ও বিদিন,
দানিয়ুব-তীরে স্থিত, খ্যাত চিরদিন।

আফ্রিকা।

পরিমাণ ফল ১,১৫,৫৬,০০০। লোকসংখ্যা ২০,০০,০০,০০০।

সীমা—উত্তরে ভূমধ্যসাগর; পূর্ব্বে লোহিত সাগর ও ভারত-মহাসাগর; দক্ষিণে দক্ষিণ মহাসাগর; পশ্চিমে আটলাণ্টিক মহাসাগর।

আফ্রিকায় নিম্নলিখিত ২৩টী দেশ আছে। যথাঃ—

দেশ	রাজধানী
১। বার্ব্বরিষ্টেট্স—	
মোরক্কো	ফেজ
আলজীরিয়া	আলজিয়ার্জ
তিউনিস্	তুনিস
ত্রিপোলি	ত্রিপোলি
২। মিসর	কাইরো
৩। পূর্ব্ব সুদান ও নিউবিয়া	কার্ত্তুম
৪। আবিসীনিয়া	গন্দার
৫। সোমালিদেশ	বারবীরা
৬। বৃটিশ পূর্ব্ব-আফ্রিকা	মম্বাস
৭। জাঞ্জিবার	টাঙ্গানি
৮। জর্ম্মণ পূর্ব্ব-আফ্রিকা	দরেশসালাম
৯। মজাম্বিক	মজাম্বিক
১০। কেপ্কলনি	কেপ্টাউন
১১। নাতাল	পিতরমরিংসবর্গ
১২। বাসুতোলণ্ড্	মাসেরু
১৩। ত্রান্সবাল	প্রিটোরিয়া
১৪। অরেঞ্জ নদী স্বাধীনরাজ্য	ব্লুমফন্টিন
১৫। জুলুলণ্ড্	ইশোবী
১৬। সেনিগাম্বিয়া—	
সেনিগাল	শাঁলুই
বিভিন্নারি	কনকরী

দেশ	রাজধানী	দেশ	রাজধানী
১৭। গাম্বিয়া	··বার্থষ্ট	২১। কঙ্গো স্বাধীনরাজ্য	··বোমা।
১৮। পর্ত্তুগিজগিনি	···বিশ্বাও	২২। সাহারা	··আগাবালী প্রভৃতি
১৯। উত্তরগিনি ২০। দক্ষিণগিনি	এই দুই রাজ্য বহু ক্ষুদ্ররাজ্যে বিভক্ত	২৩। সুদান	···ইহা বহু ক্ষুদ্র ক্ষুদ্র প্রদেশে বিভক্ত।

উপসাগর

তিউনিস-পূরবেতে কাবেস্ সংস্থিত ;
ত্রিপোলি-উত্তরে সীদ্র সবে অবগত।
টেবল সেণ্টহেলীনা আলগোয়া আর,
সালদানা ফলস, দক্ষিণাংশে আফ্রিকার।
আফ্রিকা-দক্ষিণ-পূর্ব্ব দেলাগোয়া রয়,
সোফালা ও তথা আছে জানিবে নিশ্চয়।
আবুকির মিসরের উত্তরাংশে স্থিত ;
গিনিদ্বয়-মাঝে গিনি ভুবন বিদিত।

দ্বীপ।

আট্লাণ্টিকে ফর্ণান্দোপো গোরে আসেন্‌শন,
সেণ্টহেলীনা দ্বীপ রাখিবে স্মরণ,
মদেরা কানেরি আর সেন্তমাস,
স্মরণ রাখিতে শিশো, পাইবে প্রয়াস।
সকোত্রা সেশেলপুঞ্জ মদাগাস্কর,
বুর্ব্বোঁ ও কমরো স্থিত ভারত সাগর ;

আমিরান্তে মরিশস আরো তথা রয়,
সর্ব্বদা রাখিবে মনে বালক নিচয়।

প্রণালী।

মদাগাস্কর আফ্রিকার মধ্যস্থলে আর
মজাম্বিক অবস্থিত, জানা সবাকার।

হ্রদ।

নিগ্রীশিয়া-অন্তর্গত চাদ হ্রদ হয়;
আবিসীনিয়ায় সানা (১) জানিবে নিশ্চয়।
বিক্টোরিয়ানিয়ানজা তাঙ্গানীকা আর, (২)
বাঙ্গুইওলো-ন্যাসা, হ্রদ মধ্য আফ্রিকার,
আরও আলবার্টনিয়ানজা তথা রয়;
মজাম্বিকে সরবাহ্রদ জানিবে নিশ্চয়।

পর্ব্বত।

আট্‌লাস আফ্রিকার উত্তরাংশে স্থিত,
কানেরি দ্বীপেতে তেনারিফ্ সবে জ্ঞাত।
মজাম্বিক-পশ্চিমেতে লুপাতা জানিবে;
উত্তর গিনিতে কং অবগত সবে।
নিউবেল্ট কেপকলনি-উত্তর সীমায়;
কেমরুণ দক্ষিণগিনিতে শোভা পায়।
কিলিমানজারো, কাছে বিষুবরেখার;
পর্ব্বত দ্রাকেনবর্গ নাতাল-মাঝার।

১। ইহার অন্য নাম দেম্বিয়া।
২। তাঙ্গানীকার অন্য নাম ইউজিজি।

অন্তরীপ।

বার্ব্বরি-উত্তরে স্থিত অন্তরীপ বন,
পশ্চিমে স্পার্ত্তেল ব্লাঙ্কো, দক্ষিণেতে নন।
সাহারার পশ্চিমেতে স্থিত বোজাদর;
সেনেগেদো মজাম্বিক প্রণালী-উত্তর।
উত্তমাশা-আগুলস আফ্রিকা-দক্ষিণে;
আফ্রিকার পূর্ব্বে গার্দাফুই সবে জানে।
পালমস ক্যরযোজা লোপেজ গিনিতে,
আর ও তথায় নিগ্রো রাখিবে মনেতে।

নদী।

ভিক্টোরিয়ানিয়ানজা হ'তে বহির্গত হ'য়ে,
মিসর ও নিউবিয়াদেশ-মধ্য দিয়ে,
আরও বৃটীশ-পূর্ব্ব-আফরিকা দিয়া,
ভূমধ্য সাগরে নীল মিলিছে আসিয়া।
সেনিগাল রিউগ্রাণ্ডে রোকেল গাম্বিয়া,
আরও নীজর, কং পর্ব্বতে জন্মিয়া,
মিলিত হয়েছে আসি আটলাণ্টিক সনে,
হে বালকগণ ইহা সদা রেখ মনে।
জাম্বেজী দিলোলো হ্রদে লভিয়া জনম,
মাতাবিলি-উত্তরাংশে করেছে গমন,
মজাম্বিক সোফালার মধ্যদিয়া পরে,
নিপতিত মজাম্বিক প্রণালী-মাঝারে।
ড্রাকেনবর্গ পর্ব্বতে অরেঞ্জ জনমিয়া,
পড়িতেছে আটলাণ্টিকে কেপকলনি দিয়া

আফ্রিকার প্রধান প্রধান নগরের বিবরণ।

মোরক্কো।

কিউতা মোরক্কো দেশে বিখ্যাত বন্দর,
জিব্রল্টর-পরপারে জ্ঞাত চরাচর।

তিউনিস্।

তুনিস, তিউনিস্-রাজ্যের রাজধানী,
সুরক্ষিত বাণিজ্যবন্দর বলি জানি;
এই নগরের অতি সন্নিহিত স্থানে,
কার্থেজের ধ্বংশশেষ আছে সবে জানে।

ঈজিপ্ত বা মিসর।

মিসরের রাজধানী কাইরো নগর,
আফ্রিকার সর্ব্বাপেক্ষা বৃহৎ সহর,
আরবেরা এ নগর করে সংস্থাপন,
দেখিতে ও বটে ইহা অতি মনোরম।
ভূমধ্য সাগর-তীরে আলেকজান্দ্রিয়া,
বন্দর-বাণিজ্য-স্থান রাখহ জানিয়া;
স্থাপন করেন ইহা আলেকজান্দার,
এখানে প্রথমে থামে মেল ইষ্টীমার। (১)
নীল নদী-তীরে অবস্থিত হয় ঘিজে,
যাহার নিকটে খ্যাত পিরামিড্ রাজে।
রোজেত্তা ও দামিয়েত্তা মিসরে বন্দর;
লোহিত সাগর-তীরে সুয়েজনগর,

১। ভারতবর্ষীয় মেল ষ্টীমার।

ভারতবর্ষীয় মেল থামে এইখানে,
আরো সুবিখ্যাত হয় বাণিজ্য কারণে

আফ্রিকার প্রধান প্রধান নদী-তীরস্থ নগর

আলেকজান্দ্রিয়া থিব্জে কাইরো সেনার,
দামিয়েত্তা আসোয়ান অম্বুকল দার
রোজেত্তা সিউথ জীর্জ্জে গণ্ডকোরো কেনে,
থীবস কার্ত্তুম নীল-তীরে রাখ জেনে।
বিলিমানে সেনা তেতি জম্বো সিয়াগানে,
জাম্বেজী নদীর তীরে রাখিবেক মনে।
লোকোজা আশাবা রব্বা তিম্বক্তু আকামা,
বুসা সেগো নীজরের তীরে আছে জানা।

আমেরিকা।

আমেরিকার দৈর্ঘ্য প্রায় ১০,০০০ মাইল। বিস্তার গড়ে ২,০০০ মাইল। পরিমাণ ফল ১৫,৮১,০০,০০০ বর্গ মাইল; লোক সংখ্যা ৮,৫৫,০০,০০০। আমেরিকা দুই ভাগে বিভক্ত, যথা;—উত্তর আমেরিকা ও দক্ষিণ আমেরিকা। ১৪৯২ খৃঃ অব্দে জেনোবা নগর নিবাসী ক্রিস্তোফর কলম্বস এই মহাদেশ আবিষ্কার করেন। তৎপর ১৪৯৭ খৃঃ অব্দে আমেরিগো-বেশপুচি ইহার অন্যান্য অংশ আবিষ্কার করেন বলিয়া ইহার নাম আমেরিকা হইয়াছে।

:o:

উত্তর আমেরিকা।

পরিমাণ ফল ৮০,০০,০০০ বর্গ মাইল। লোক সংখ্যা ৫,২০,০০,০০০।

সীমা—উত্তরে উত্তর মহাসাগর; পূর্ব্বে আটলাণ্টিক মহাসাগর; দক্ষিণে কারিব্ব সাগর, মেক্সিকো উপসাগর, পানামা যোজক ও প্রশান্ত মহাসাগর; পশ্চিমে প্রশান্ত মহাসাগর।

উত্তর আমেরিকায় ৬টী দেশ আছে। যথাঃ—

দেশ	রাজধানী
১। মেরু প্রদেশ—	
আলাস্কা	সিংকা বা নিউ-আর্কেঞ্জেল
গ্রীণলণ্ড	গডথায়াব ও গডহেবন
আর্কটিক আর্কিপেলেগো	
২। বৃটিশ আমেরিকা	অট্যাবা
৩। ইউনাইটেড ষ্টেট্স	ওয়াশিংটন
৪। মেক্সিকো	মেক্সিকো
৫। মধ্য আমেরিকা—	
গোয়াতেমালা	নিউ-গোয়াতেমালা
সানসালবাদর	নিউ-সানসালবাদর
হন্দুরাস	তেগুসিগালপা
নিকারাগয়া	মনাগয়া
কোস্তরিকা	সানহোসে
বৃটিশ হন্দুরাস	বেলিজ
৬। পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জ,	
হেতি	পোর্টপ্রিন্স ও সান্দমিঙ্গো
কিউবা	হাবানা
পোর্ত্তোরিকো	সানহুয়ান
জামেকা	কিংষ্টন
লীওয়ার্ড	সেণ্টজন্স
উইণ্ডওয়ার্ড	ব্রীজটাউন
ত্রিনিদাদ	পোর্ত্ত অব স্পেন
বাহমা	ন্যাসো
বর্ম্মুদস	সেণ্টজর্জ্জ
মার্ত্তিনিক ও গ্বাদালুপ প্রভৃতি	পোর্ত্তরয়েল

সাগর।

উত্তর দক্ষিণ দুই আমেরিকা-মাঝে
ক্যারিব সাগর আছে, বিদিত সমাজে।

উপসাগর।

নিউব্রণজুইক আর নোবাস্কোশিয়ার
মধ্যস্থিত ফণ্ডী, ইহা বিদিত সংসার।
গ্রীণলণ্ড পশ্চিমে স্থিত জানিবে বেফিন;
জেমস উপসাগর হড্‌সন্‌ দক্ষিণ।
নিউব্রণজুইক আর নিউফাউণ্ডলণ্ড—
মাঝারে সেণ্টলরেন্স, রাখিবে স্মরণ।
ডেলাওয়্যার চেসাপিক্ মার্কিণ-পূরবে, (১)
মেক্সিকো, দক্ষিণে ওর জ্ঞাত আছে সবে।
মেক্সিকো-পশ্চিমে আছে কালিফর্ণিয়া,
দক্ষিণ পূরবে রাখ কাম্পীচি জানিয়া।
হন্‌দুরাস, পূরবেতে গোয়াতেমালার
আছে অবস্থিত, ইহা বিদিত সংসার।

দ্বীপ।

গ্রীণলণ্ড, পারিপুঞ্জ ব্যাঙ্কস্‌লণ্ড্,
প্রিন্স-আলবার্ট দ্বীপ বিক্টোরিয়ালণ্ড্,
উত্তর মহাসাগরে এ দ্বীপনিশ্চয়
আছে অবস্থিত, সদা মনে যেন রয়।
বেফিনলণ্ড্, আর সাউদামটন,
বেফিন-হডসন-মাঝে রাখিবে স্মরণ।

১। মার্কিণ শব্দটী সর্ব্বত্রই ইউনাইটেড্ ষ্টেটসের পরিবর্ত্তে ব্যবহৃত হইয়াছে।

নিউফাউণ্ডলণ্ড্, আণ্টিকোষ্টি কেপবৃটন,
প্রিন্স এড্‌ওয়ার্ড দ্বীপ রাখিবে স্মরণ,
আরো বর্ম্মুদস দ্বীপ আটলাণ্টিকে রয়,
সর্ব্বদা রাখিবে মনে বালক নিচয়।
বৃটিশামেরিকা-পশ্চিমেতে বন্ধুবর
আছে অবস্থিত, ইহা জ্ঞাত চরাচর।
ফক্সপুঞ্জ আলাস্কার পশ্চিমাংশে রয়,
রাখিবে সর্ব্বদা মনে বালক নিচয়।

উপদ্বীপ।

বৃটিশামেরিকা-পূর্ব্বে স্থিত লাব্রাদর,
বুথিয়া ও মেলবিল উহার উত্তর।
মেক্সিকো উপসাগর-কারিবের মাঝে
ইয়ুকাতান্ স্থিত, বিদিত সমাজে।
মেক্সিকোর পশ্চিমাংশে কালিফরনিয়া;
আলাস্কা নৈর্ঋতে রাথ আলাস্কা জানিয়া।
ফ্লোরিদা মার্কিণদেশ-দক্ষিণ-পূরবে
আছে অবস্থিত, ইহা অবগত সবে।

যোজক।

উত্তরদক্ষিণ দুই আমেরিকা-মাঝে
পানামা যোজক (১) আছে, বিদিত সমাজে।
মেক্সিকো দেশের সহ গোয়াতেমালায়
তেবান্‌তেপেকে যুজে, বিদিত ধরায়।

১। ইহার অন্য নাম দেরিয়েন।

প্রণালী।

নব মহাদ্বীপ আর এশিয়া-মাঝারে
বেরিং প্রণালী আছে, বিদিত সংসারে।
বারো আর লাঙ্কাষ্টার এ প্রণালী দ্বয়,
বেফিন উপসাগর-পশ্চিমাংশে রয়।
স্মিথস্ সাউণ্ড আর কেনিডি রবসন্
উহারি উত্তরে স্থিত, রাখিবে স্মরণ।
মেলবিল উপদ্বীপ দ্বীপকোবরণে
ফিয়ুরী পৃথক করে, জানে সর্ব্বজনে।
বেফিন উপসাগরে আট্লাণ্টিক-সনে,
ডেবিস করেছে যোগ, বিদিত ভুবনে।
ব্যাঙ্কস্লণ্ড্, আর পারি দ্বীপ-মাঝে,
ব্যাঙ্কস প্রণালী নামে প্রণালী বিরাজে।
নিউফাউণ্ডলণ্ড, আর লাব্রাদোর দ্বয়,
বেলিলি প্রণালী দ্বারা বিয়োজিত হয়।

হ্রদ।

সুপীরিয়’ অন্টেরিয়ো ঈরি হিউরণ,
গ্রেটবেয়ার উড্ গ্রেটস্লেব মিসিগণ,
উইনিপেগ আথবাস্কা এই হ্রদ চয়,
বৃটিশ আমেরিকা-মাজে জানিবে নিশ্চয়।
নিউইয়র্কের মাঝে শ্যামপ্লেন রয়;
মার্কিণে গ্রেটসল্ট হ্রদ জানিবে নিশ্চয়।

পর্ব্বত।

ইলিয়স, আলাস্কার পূরব-দক্ষিণে ;
ফেয়রওয়েদর আরো রাখিবেক মনে।
আলিগেনি মার্কিণের পূর্ব্বদিকে রয় ;
মেক্সিকোর অন্তর্গত মেক্সিকো নিশ্চয়।
কাস্কেড্ পর্ব্বত স্থিত কালিফর্ণিয়ায়,
আরো তথা সিয়ারানেবাদা শোভা পায়।
বৃটিশামেরিকা আর মার্কিণ-পশ্চিমে
অবস্থিত হয় রকি, সকলেই জানে।

অন্তরীপ।

মার্কিণ পূরবে স্থিত কড়্ হাতরস ;
আলাস্কার পশ্চিমেতে প্রিন্সওয়েলস্। (১)
সিসবরণ, আইসি, বারো আলাস্কা-উত্তর
হয় অবস্থিত, ইহা জানে চরাচর।
সেণ্টলুকস্ অন্তরীপ কালিফর্ণিয়ার—
দক্ষিণাংশে স্থিত, ইহা বিদিত সংসার।
মেন্দোসিনো মার্কিণ-পশ্চিম দিকে রয় ;
ফ্লোরিদা দক্ষিণে আছে সেবল নিশ্চয়।
ল্যাব্রাদোর-উপদ্বীপ-উত্তর-দক্ষিণে
চডলে-চার্লস আছে, বিদিত ভুবনে।
ফেয়ারওয়েল, স্থিত গ্রীণলণ্ড্-দক্ষিণে ;
বাথষ্ট কানাডা-মাঝে রাখিবেক মনে।

১। প্রিন্সওয়েলস অর্থাৎ প্রিন্স অফ্ ওয়েলস।

নদী।

মেকেঞ্জি কপরমাইন গ্রেটফিস্ আর,
নব মহাদ্বীপে এই নদী জেন সার,
বৃটিশামেরিকা দিয়ে হ'য়ে প্রবাহিত,
উত্তর মহাসাগরে হয়েছে পতিত।
সুপীরিয়' হ্রদ হ'তে বহির্গত হয়ে,
হিউরণ ঈরি-অন্তেরিয়ো-মধ্য দিয়ে,
সেণ্টলরেন্স নদী, হয়ে প্রবাহিত,
সেণ্টলরেন্সের মাঝে হয়েছে পতিত।
হড্সন সস্কুইহানা এই নদীদ্বয়,
আটলাণ্টিকে পড়েছে জানিবে সু-নিশ্চয়।
আইতস্কা হ্রদে জন্মি মিসিসিপি নদী,
ওহিয়ো মিসুরী রেড্ ইলিনয়ে আদি
উপনদী-সহ মিলি, মারকিণ দিয়া,
মেক্সিকো উপসাগরে মিলিছে আসিয়া।
রকিগিরি হতে জন্মি ফ্রেজর-ওরিগণ,
প্রশান্ত সাগর-সহ করিছে মিলন।

উত্তর আমেরিকার প্রধান প্রধান নগরের বিবরণ।

বৃটিশ আমেরিকা।

অট্যাবা, অট্যাবা-নদী-তীরে অবস্থিত,
বৃটিশ আমেরিকা-রাজধানী বলি খ্যাত।
সেণ্টলরেন্সের তীরে কুইবেক স্থিত,
বাণিজ্যের স্থান আর নগর রক্ষিত।

হালিফাক্স অবস্থিত নোবাস্কোশিয়ায়,
রণপোত আড্ডাবলি বিখ্যাত ধরায়।
বাণিজ্যের জন্য খ্যাত কিংষ্টন সহর;
মৎস্য ব্যবসায় নেল খ্যাত চরাচর।

ইউনাইটেড্ ষ্টেট্স্।

পতোমাক নদী-তীরে ওয়াসিংটন,
মার্কিণের রাজধানী রাখিবে স্মরণ।
নিউইয়র্ক্, শ্রেষ্ঠ আমেরিকা-মাঝে,
দ্বিতীয় বাণিজ্য-স্থান বিদিত সমাজে।
বিদ্যা আলোচনে খ্যাত ফিলাডেলফিয়া;
বফেলো বাণিজ্য-স্থান রাখহ জানিয়া।
নিউঅর্লিয়ান্স স্থিত মিসিসিপি-তীরে,
কৃষিদ্রব্য-বাণিজ্যেতে খ্যাত চরাচরে।
পূর্ব্ব-উপকূলে স্থিত বোষ্টন নগর,
বিপুল বাণিজ্য জন্য খ্যাত চরাচর।
খাদ্যদ্রব্য-ব্যবসায় শিকাগো বিখ্যাত;
পোর্টলণ্ডে হয় শিল্পকার্য্য নানামত।
স্থিত সানফ্রান্সিস্কো কালিফর্ণিয়ায়,
হেথা হতে স্বর্ণরস (১) নানাদেশ যায়।
তূলার কারবারে শ্রেষ্ঠ লোয়েল নগর;
মোবিল দ্বিতীয় ইহা জ্ঞাত চরাচর।
সেণ্টলুইস্, অন্তর্বাণিজ্যের স্থান;
ব্রুকলিন সামুদ্রিক বন্দর প্রধান।

১। স্বর্ণ এবং রস (পারদ)।

মেক্সিকো।

মেক্সিকোর-রাজধানী মেক্সিকো নগর,
সু-রম্য প্রাসাদ আছে এখানে বিস্তর।
লা-পুবলা মেক্সিকোর অগ্নিকোণে স্থিত,
শিল্প আর বাণিজ্যেতে বিশেষ বিখ্যাত।

দক্ষিণ আমেরিকা।

পরিমাণ ফল ৭০,০০,০০০ বর্গ মাইল। লোক সংখ্যা ৩,০০,০০,০০০ তিন কোটী।

সীমা—উত্তরে কারিব সাগর; পশ্চিমে প্রশান্ত মহাসাগর; দক্ষিণে দক্ষিণ মহাসাগর, পূর্ব্বে আটলাণ্টিক মহাসাগর।

দক্ষিণ আমেরিকায় নিম্নলিখিত ১২টী রাজ্য আছে; যথাঃ—

দেশ	রাজধানী	দেশ	রাজধানী
১। কলম্বিয়া	বোগোতা	৬। পিরু	লীমা
২। বেণিজুইলা	কারাকাস	৭। বলীভিয়া	চুকিসাকা
৩। একওয়াদোর	কীতো	৮। পারাগই	আসম্শন্
৪। গিয়ানা—		৯। লাপ্লাতা	বোনসেরিজ
বৃটিশ গিয়ানা	জর্জ্জটাউন	১০। উরুগই	মন্তিবিদিও
দচ্ গিয়ানা	পারামারীবো	১১। চিল্লি	সান্তিয়াগো
ফ্রেঞ্চ গিয়ানা	কেয়েন	১২। পাতাগোনিয়া	পোর্ত্ত-সেন্তজুলিয়ন
৫। ব্রাজীল	রিওদেজেনেরো		

উপসাগর।

কলম্বিয়া উত্তরাংশে দেরিয়েন ; আর—
সেণ্টজর্জ্জ পূর্ব্বে আছে পাতাগোনিয়ার।
অল্‌সেন্তস্‌ ব্রাজীলের পূর্ব্ব অংশে রয় ;
কলম্বিয়া-পশ্চিমেতে পানামা নিশ্চয়।

মার্গরীতা অবস্থিত কারিব সাগরে ;
পারল পানামা-মাঝে জানে চরাচরে।
ফক্‌লণ্ড্‌, দক্ষিণ-পূর্ব্বে পাতাগোনিয়ার ;
তেরাদেল্‌ফয়েগো আছে দক্ষিণে উহার।
ফক্‌লণ্ড্‌-পূরবে স্থিত সাউথ জর্জ্জিয়া ;
চিল্লির দক্ষিণে রাথ চীলোবে জানিয়া।
যুয়ানফর্ণান্দেজ, চিল্লির পশ্চিমে
হয় অবস্থিত, ইহা বিদিত ভুবনে।
তেরাদেল্‌ফয়েগো দ্বীপ-দক্ষিণ-পূরবে
স্তাতেন সংস্থিত আছে, অবগত সবে।
নিউঅর্কনেজ আর দ্বীপ শেতলণ্ড
হরণ-দক্ষিণ-পূর্ব্বে, রাখিবে স্মরণ।
ঝোয়ানেস আমাজন-মোহনায় রয়,
রাখিবে সর্ব্বদা মনে বালক নিচয়।

প্রণালী।

তিয়ারাদেলফয়েগো আর পাতাগোনিয়ার
মধ্যস্থলে মাজেলন (১) বিদিত সংসার।

১। ইহার অন্য নাম মাগাল্লিয়েন্স।

তিয়ারাদেল্‌ফয়েগো আর স্তাতেন-মাঝারে
লেমেয়র অবস্থিত, জ্ঞাত চরাচরে।

হ্রদ।

মারাকাইবো অবস্থিত কলম্বিয়া মাঝে;
পিরু-বলীভিয়া-মাঝে তিতিকাকা রাজে।

পর্ব্বত।

দক্ষিণামেরিকা-মাঝে আন্দীজ (১) পর্ব্বত;
ব্রাজীলে ব্রাজীল গিরি বিদিত জগৎ।
পারীমে পর্ব্বত কলম্বিয়া-গিয়ানার—
মধ্যস্থলে স্থিত, ইহা জানা সবাকার।

অন্তরীপ।

সেন্তরক রী ও স্থিত ব্রাজীল-পূরবে;
আন্তোনিয়ো লাপ্লাতার পূর্ব্বে জানে সবে।
তিয়ারাদেল্‌ফয়েগো দ্বীপ-দক্ষিণে হরণ
আছে অবস্থিত, ইহা বিদিত ভুবন।

নদী।

মাগ্‌দলীনা আন্দীজে জনম লাভ ক'রে,
কলম্বিয়া দিয়া, পড়ে কারিব সাগরে।
এসিকীবো ওরিণোকো পারীমে জন্মিয়া, (২)
যথাক্রমে গিয়ানা ও বেনিজুইলা দিয়া,

১। ইহার অন্য নাম কর্দ্দীলিয়েরাস্‌।
২। পারীমে জন্মিয়া অর্থাৎ পারীমে পর্ব্বতে জন্মগ্রহণ রিয়া।

আটলাণ্টিকের মাঝে নিপতিত হয়;
ওহে শিশো! সর্ব্বক্ষণ মনে যেন রয়।
আমাজন্ আন্দীজেতে জন্মলাভ ক'রে,
ব্রাজীলের মধ্য দিয়া আটলাণ্টিকে পড়ে।
ব্রাজীলের মধ্য দিয়া পারা প্রবাহিনী,
আটলাণ্টিক-মাঝারে পড়েছে রাখ জানি।
পারাগই উরুগই পরাণ মিলিয়া,
লাপ্লাতা নদীর জন্ম রাখহ জানিয়া,
নিপতিত হয় আটলাণ্টিকের মাঝারে;
সর্ব্বক্ষণ শিশুগণ! রাখিবে অন্তরে।
আন্দীজেতে কলোরাদো জন্মলাভ ক'রে,
লাপ্লাতার মধ্য দিয়া আটলাণ্টিকে পড়ে।

দক্ষিণ আমেরিকার প্রধান প্রধান নগরের বিবরণ।

কলম্বিয়া।

কলম্বিয়া-রাজধানী বোগোতা নগর;
পানামা ও কার্ত্তাজিনা বাণিজ্য-বন্দর।

ব্রাজীল।

রিও দে-জেনেরো, ব্রাজীলের রাজধানী,
দক্ষিণামেরিকা-মাঝে শ্রেষ্ঠ বলি জানি।
বাহিয়া ব্রাজীলে হয় দ্বিতীয় বন্দর;
হীরকের জন্য খ্যাত কুয়েবা নগর।

বলীভিয়া।

বলীভিয়া-রাজধানী চুকিসাকা হয়,
বাণিজ্যে বিখ্যাত অতি জানিবে নিশ্চয়।

পটোসী নগর, বলীভিয়া-মাঝে স্থিত,
রজত-খনির তরে ভুবন বিদিত।

আমেরিকার প্রধান প্রধান নদী-তীরস্থ নগর ;

নিউইয়র্ক, আর আলবেনি ত্রয়,
হডসন্ নদীর তীরে জানিবে নিশ্চয়।
সান্তারেঙ তাবাতিঙ্গা মানোস কোয়ারি,
এ সব নগর আমাজন-তীরোপরি।
সেণ্টপাল বার্লিটন সেণ্টলুইস,
ভিনসেন্স বিক্সবর্গ আর মেমফিস্,
নাচেস্ বাটন্‌বর্গ নিউঅর্লিয়ন্স,
মিসিসিপি-তীরে স্থিত রাখিবে স্মরণ।

পৃথিবীর সর্ব্বপ্রধান নদী
ও
পর্ব্বতাদির বিবরণ।

মহাদেশ-মধ্যে শ্রেষ্ঠ আকারে এশিয়া,
সমুদায় দ্বীপ-মধ্যে বড় অষ্ট্রেলিয়া।
অতিশয় বৃহত্তর প্রশান্ত সাগর,
গিরি-মধ্যে হিমালয় অতি উচ্চতর।
এবরেষ্ট শৃঙ্গ হয় সবার প্রধান,
লবণাক্ত হ্রদ মধ্যে বড় কাস্পিয়ান।
স্বাদুজল সুপিরীয়’ জিনে সকলেরে,
মিসিসিপি অতিদীর্ঘ খ্যাত চরাচরে।

বিস্তারেতে আমাজন সর্ব্ব শ্রেষ্ঠ হয়,
নায়াগারা-সম কোন প্রপাত তো নয়। (১)
দ্বিতীয় পারিস, শ্রেষ্ঠ লণ্ডন নগর ;
দেশেতে তিব্বত হয় অতি উচ্চতর।
বৃটন সাম্রাজ্য শ্রেষ্ঠ পরিমাণে জান,
লোক সংখ্যা কারো নয় চীনের সমান,
এশিয়ার লোক-সংখ্যা উপরে সবার,
সুসভ্য য়ুরোপ-সম কেহ নহে আর।

চারি মহাদেশের সর্ব্ব প্রধান দেশের নাম।

চীনরাজ্য এশিয়ায় আকারে প্রধান,
ইউরোপে কেহ নয় রুশিয়া-সমান, (২)
আফ্রিকা মাঝারে শ্রেষ্ঠ জানিবে সুদান, (৩)
নব মহাদ্বীপে হয় মার্কিণ মহান্।

১। সেণ্টলরেন্স নদীর ঈরি হইতে অণ্টেরিয়ো হ্রদে জল গমন প্রণালী নায়াগারা নামে খ্যাত। এই জলপ্রপাতে ১৬০ ফুট উচ্চস্থান হইতে অনবরত প্রবলবেগে জল-পতন হইতেছে।

২। বিদেশীয় অধিকার সহিত ধরিলে বৃটিন সাম্রাজ্যের ন্যায় সুবৃহৎ রাজ্য ভূমণ্ডলে আর নাই।

৩। আফ্রিকায় সুদান আকারে বৃহৎ বটে কিন্তু ক্ষমতায় মিসর শ্রেষ্ঠ।

চারি মহাদেশের সর্ব্ব প্রধান নগরের নাম।

য়ুরোপে লণ্ডন হয় বৃহৎ সহর,
এশিয়ায় সর্ব্বশ্রেষ্ঠ পিকিন নগর,
নব মহাদ্বীপে শ্রেষ্ঠ নিউ'য়র্ক হয়,
আফ্রিকার কাইরো ভিন্ন অন্য স্থান নয়,
বৃটিশের অধিকৃত ভারত-মাঝারে
কলিকাতা শ্রেষ্ঠ বলি খ্যাত চরাচরে।

চারি মহাদেশের সর্ব্ব প্রধান পর্ব্বতের নাম।

এশিয়াতে হিমালয় সবার প্রধান,
ইউরোপে আল্‌প শ্রেষ্ঠ, নহে তাহা আন,
আবিসীনিয়ার গিরি আফ্রিকায় জান,
আমেরিকা-মাঝে হয় আন্দীজ প্রধান।

চারি মহাদেশের সর্ব্ব প্রধান দ্বীপের নাম।

নীফন্ বৃহৎ দ্বীপ এশিয়া-মাঝারে,
য়ুরোপে বৃটন শ্রেষ্ঠ বিদিত সংসারে,
সু বৃহৎ মদাগাস্কর আফ্রিকায় হয়,
উত্তরামেরিকা-মাঝে কিউবা নিশ্চয়,
দক্ষিণামেরিকা স্থিত দ্বীপাবলী-মাঝে,
তেরাদেল্‌ফয়েগো শ্রেষ্ঠ বিদিত সমাজে।

চারি মহাদেশের সর্ব্ব প্রধান হ্রদের নাম।

এশিয়ায় সর্ব্বাপেক্ষা বড় কাস্পিয়ান,
য়ুরোপে লাডোগা হয় সবার প্রধান,
বিক্টোরিয়ানিয়ান্জা আফ্রিকায় জান,
সুপীরিয়র, নব-মহাদ্বীপেতে প্রধান।

চারি মহাদেশের সর্ব্ব প্রধান নদীর নাম।

ইয়াংসিকিয়াং নদী, শ্রেষ্ঠ এশিয়ায়,
ইয়ুরোপে বল্গা-তুল্য কারে দেখা যায়?
মিসিসিপি নদী শ্রেষ্ঠ আমেরিকা মাঝে,
আফ্রিকার নীল বড়, বিদিত সমাজে।

পৃথিবীর প্রধান প্রধান মহাসাগর ও সাগরস্থ দ্বীপের নাম।

আটলান্টিক মহাসাগর।

কেপবার্দ এঙ্গলসী অর্কনে আয়র্লণ্ড,
মানদ্বীপ হেব্রেডীজ ফারো শেটলণ্ড,
ফর্ণান্দোপো আসেন্‌শন্ গোরে আনোবন,
ভেরাদেল্‌ফয়েগো বর্মুদস্ কেপব্রিটন,
সেণ্টহেলীনা আণ্টিকোষ্টী আইস্‌লণ্ড,
সেন্তভমাস প্রিন্স দ্বীপ ফক্‌লণ্ড,
নূতন আর্কেণিপুঞ্জ, আজোর্স ষ্টেটন,
কানেরি মদেরাদ্বীপ পুঞ্জ গ্রেটবৃটন,

প্রিন্স এড্ওয়ার্ড, আর নিউফৌণ্ডলণ্ড্,
আটলাণ্টিক-মাঝে আছে রাখিবে স্মরণ।

প্রশান্ত মহাসাগর।

কুরিল হঙ্কঙ লুচু মাকাও জাপান,
সুমাত্রা সাগালিয়েন যাবা হাইনান,
ফরমোসা সেলিবেস্ পাপুয়া (১) বোর্ণিয়ো,
মলক্কস ফিলিপিন সামোয়া জানিও, (২)
মার্কেসাস সোসাইটী আর তাসমেনিয়া,
সাণ্ডুইচ লাদরোণ হার্ব্বি (৩) অষ্ট্রেলিয়া,
আর ও কারোলাইন, প্রশান্ত সাগরে
হয় অবস্থিত, সদা রাখিবে অন্তরে।

ভূমধ্য সাগর।

ম্যাজর্ক। মিনর্ক। এল্‌বা ইভীসা রোদস,
সিসিলি লিপারি মল্টা গোজো সাইপ্রস,
কর্সিকা করমেন্তেরা ক্রীত্ সার্দ্দিনিয়া,
জের্বা ও কার্কেনা দ্বীপ রাখহ জানিয়া,
কমিনো আ'য়োনিয়ান আর সাটিলিনী,
ভূমধ্য সাগরে আছে রাখিবেক জানি।

ভারত মহাসাগর।

মালদ্বীপ লাক্ষাদ্বীপ লঙ্ক নিকোবর,
সিঙ্গাপুর আন্দামান মদাগাস্কর

১। ইহার অন্য নাম নিউগিনি। ২। সামোয়ার অন্য নাম নাবিগেটর। ৩। অন্য নাম কুক্সপুঞ্জ।

সকোত্রা সেশেলপুঞ্জ মরিশস আর,
পিনাঙ কমরো বুর্ব্বোঁ ভারত-মাঝার।

উত্তর মহাসাগর।

স্পিটসবর্গেন আর নবসাইবিরিয়া,
নবজম্বলা লফফোডেন রাখহ জানিয়া,
গ্রীণলণ্ড পারিপুঞ্জ বিক্টোরিয়ালণ্ড,
প্রিন্স আলবার্ট দ্বীপ রাখিবে স্মরণ,
আরও ব্যাঙ্কস্লণ্ড উত্তর সাগরে
আছে অবস্থিত, ইহা বিদিত সংসারে।

পৃথিবীস্থ আশ্চর্য্য কৃত্রিম পদার্থ।

মস্কোব ঘণ্টা, আর ক্যানলিন গড়, (১)
কাশ্মীরের ভাসমান উদ্যান সুন্দর।
রোমে সেণ্ট পিটর্সের গির্জ্জা মনোহর, (২)
এডিষ্টোন নামে খ্যাত রম্য বাতিঘর। (৩)
ইলোরা গহ্বর (৪) আর চীনের প্রাচীর, (৫)
দোলায়িত মনোহর মঠ ইটালির। (৬)

১। ইউরোপীয় রুশিয়ায় মস্কো নগরে ৫৬০০ মণ ওজনের ঘণ্টা আছে।

২। ইহার নির্ম্মাণে ১২ কোটী টাকার উপর ব্যয় হয়।

৩। ইংলণ্ডের অন্তর্গত ডিবনপোর্ট নামক নগরের কিছুদূর দক্ষিণে এডিষ্টোন নামে খ্যাত বাতিঘর (লাইট হাউস) আছে।

৪। ইলোরা হয়দরাবাদের অন্তর্গত। একটী অর্দ্ধ চন্দ্রাকার লোহিত গ্রাণিট পর্ব্বতাভ্যন্তর অর্দ্ধক্রোশ ব্যাপিয়া খোদিত হইয়া, এই গুহা সকল প্রস্তুত হইয়াছে। এই অর্দ্ধ চন্দ্রাকার স্থানের ব্যাস প্রায় ২॥০ ক্রোশ হইবে। ইহাতে ইন্দ্রসভা "ডুমার লয়ার"

লান্‌কিনে মৃণ্ময় স্তম্ভ গঠন সুন্দর,
আগরার তাজমহল মনোমুগ্ধকর। (১)
টেমসের তলবর্ত্ম, যমুনার পুল,
মিসরের পিরামিড শোভায় অতুল। (২)
সেণ্টপাল গির্জ্জা, (৩) আর সুয়েজের খাল,
কৃত্রিম আশ্চর্য্য বস্তু খ্যাত চিরকাল।

অর্থাৎ বিবাহ সভা ও কৈলাস নামে তিনটী বৃহৎ গুহা এবং আরও অনেক ক্ষুদ্র গুহা দৃষ্ট হয়। স্থপতি কার্য্যে যত প্রকার গঠন ও অলঙ্কার পারিপাট্য থাকিতে পারে সে সকলই এই গুহা সমুহের মধ্যে দেখিতে পাওয়া যায়।

৫। তাতারদিগের দৌরাত্ম্য নিবারণ জন্য চীনেরা খৃষ্টীয় শকের দ্বিতীয় শতাব্দীতে এই প্রাচীর নির্ম্মাণ করে। ইহা পিকিন নগর হইতে ৫০ মাইল উত্তরে চীন ও তাতারের মধ্যস্থলে অবস্থিত। দৈর্ঘ্য প্রায় সাত শত ক্রোশ আর এরূপ বিস্তৃত যে, ছয়জন অশ্বারোহী শ্রেণীবদ্ধ হইয়া এককালে তাহার উপর দিয়া স্বচ্ছন্দে গমন করিতে পারে।

৬। এই মঠ পাইসা নগরে আছে।

১। দিল্লীশ্বর শাহজহাঁ আপন মহিষী মমতাজ-জিমানি-নাম্নী রাজ্ঞীর সমাধি জন্য ইহা নির্ম্মাণ করেন। ইহার নির্ম্মাণে সপ্তদশ বৎসর অতীত হয়; এবং চারি কোটি কয়েক লক্ষ টাকা ব্যয় হয়। তাজ মৃত্তিকা হইতে ২৬২ ফুট উচ্চ।

২ মিসর দেশের জগদ্বিখ্যাত পিরামিড নামক স্তম্ভ সকল প্রায় তিন সহস্র বৎসর হইল গ্রথিত হইয়াছে। এই সমুদয় স্তম্ভ ত্রিকোণ চতুষ্কোণ অথবা ততোধিককোণ-মেজের উপর তাম্বুর আকারে গ্রথিত। বৃহৎ বৃহৎ প্রস্তর সকল উপর্য্যুপরি সংযোজিত করিয়া এই সমুদয় স্তম্ভ নির্ম্মিত হইয়াছে।

৩। এই গির্জ্জা লণ্ডন নগরে আছে।

পৃথিবীস্থ স্বাভাবিক বিস্ময় জনক পদার্থ

পৃথিবীর স্থানে স্থানে আগ্নেয় ভূধর,
উত্তর মহাসমুদ্রে বরফ বিস্তর।
আইস্লণ্ড্-দ্বীপস্থিত উষ্ণ প্রস্রবণ,
নায়াগারা, তটিনীর প্রপাত ভীষণ।
ষ্টাফাদ্বীপ-মধ্যেস্থিত ফিঙ্গাল গহ্বর,
ঈজিয়ান সাগরেতে গ্রটো মনোহর।
প্রবালের দ্বীপ-শ্রেণী প্রশান্ত সাগরে,
বিস্তৃত তুষার-ক্ষেত্র আল্প গিরি'পরে।
গঙ্গা-আমাজন-মুখে বাণ উচ্চতর,
উত্তমাশা-নিকটেতে উর্ম্মি ভয়ঙ্কর।
লাপলাণ্ডে ছয় মাস সূর্য্যের উদয়,
অবিচ্ছেদে ছয় মাস তথা রাত্রি রয়।
মালাষ্ট্রম জলাবর্ত্ত নরবে'র কাছে,
বিস্ময়-জনক বস্তু সবে জ্ঞাত আছে।

হীরক প্রভৃতি আকরিক পদার্থ পৃথিবীর কোন কোন দেশে পাওয়া যায়।

ভারত ব্রাজীল বোর্ণি' (১) আর কলম্বিয়া,
হীরক-আকর-স্থান রাখিও জানিয়া।
মান্নার উপসাগরে—নিকটে লঙ্কার,
পারস্য সাগরে মুক্তা পাওয়া যায় আর।
জাপান তিব্বত চীন ভারত রুশিয়া,
কলম্বিয়া বলীভিয়া ব্রাজীল অষ্ট্রিয়া,

১। বোর্ণি অর্থাৎ বোর্ণিয়ো।

আরও নবজীলণ্ড ক্যালিফর্ণিয়ায়,
অষ্ট্রেলিয়া সুমাত্রায় স্বর্ণ পাওয়া যায়।
পূর্ব্বে স্পেনে ছিল ঢের রজত-আকর,
মেক্সিকো পতোসী পিরু এবে শ্রেষ্ঠতর ;
জাপান তিব্বত চীন জর্ম্মণ অষ্ট্রিয়া,
মোরক্কো ব্রাজীল চিল্লী আর কলম্বিয়া,
সুইজরলণ্ড আর মার্কিণ-মুলুকে,
রৌপ্য পাওয়া যায় ইহা জানে সর্ব্বলোকে।
জাপান ভারত চীন এশিয়া-মাইনর,
বৃটন রুশিয়া বোর্ণি' বেলজিয়ম আর,
অষ্ট্রিয়া নাতাল ফ্রান্স আর কলম্বিয়া,
কয়লার আকরস্থান রাখহ জানিয়া
বৃটন দ্বীপেতে লৌহ বেশী পাওয়া যায়,
সুইডীস লৌহ কিন্তু উৎকৃষ্ট ধরায় ;
রুশিয়া প্রসিয়া ফ্রান্স গ্রীণলণ্ড স্পেনে,
বেলজিয়ম কলম্বিয়া তুরস্ক জরমাণে,
সুমাত্রা নাতালে আর কি কব বিশেষ,
লৌহের আকর প্রায় আছে সর্ব্বদেশ।
বৃটন রুশিয়া চিল্লী স্পেন অষ্ট্রেলিয়া,
দক্ষিণ আফ্রিকা আর জর্ম্মাণ প্রশিয়া,
কলম্বিয়া বলীভিয়া সুইজরলণ্ড,
তাম্রের আকর-স্থান জেনং বিলক্ষণ।
অষ্ট্রেলিয়া বাঁকা-দ্বীপ ইংলণ্ড মালয়,
স্পেন প্রভৃতিতে টিন অতিশয় রয়।

ইতালি অষ্ট্রিয়া স্পেন তিব্বত জর্ম্মণি,
এই সব দেশে আছে পারদের খনি।
ইংলণ্ডে মার্কিণে স্পেনে সীসার আকর,
বেলজিয়ম প্রশিয়ায় দস্তা বহুতর।

প্রধান প্রধান কৃষিজদ্রব্য পৃথিবীর কোন কোন দেশে উৎপন্ন হয়।

ভারত মার্কিণ চীন ব্রাজীল মিসর,
জাপান তুরুস্কে হয় তূলা বহুতর।
চীন ও ভারতবর্ষে পাটের জনম,
নব মহাদ্বীপে চাষ হ'তেছে এখন।
দক্ষিণ আফ্রিকা স্পেন ভারত জর্ম্মণ,
অষ্ট্রেলিয়া প্রভৃতিতে অধিক পশম।
ভারত তুরস্ক ফ্রান্স ইতালি ও চীন,
রেশম জনমে বলি খ্যাত চিরদিন।
স্পেন পর্ত্তুগাল ফ্রান্স দক্ষিণ-জর্ম্মণি,
মার্কিণে কাবুলে দ্রাক্ষা বেশী হয় জানি।
আরব ব্রাজীল যাবা ভারত লঙ্কায়,
এই কয় দেশে কাফি বেশী পাওয়া যায়।
ধান্যের জনম হয় ভারত আর চীনে,
আরো জন্মে এশিয়ার পুরব-দক্ষিণে।
আমেরিকা ফিলিপিন তুরস্ক ভারত,
তামাক জনমে বলি বিখ্যাত জগত।
রুশিয়া স্কাণ্ডেনেবিয়া কানাডা নেপাল,
বাহাদুরী কাষ্ঠ তরে খ্যাত চিরকাল।

বিষুবরেখা যে যে দেশের মধ্য দিয়া গিয়'ছে
তাহার নাম।

মলক্কস সেলিবেস সুমাত্রা বোর্ণিয়ো,
মধ্য-আফরিকা আর ব্রাজীল জানিও,
ইকোয়েদর জাঞ্জিবার নিয়গিনি দিয়ে
গিয়েছে বিষুবরেখা, রাখিও জানিয়ে।

সাহারার প্রধান প্রধান ওয়েসিসের
নাম।

তাবাত ও আসবেন গাধামি ফেজান,
সাহারাব ওয়েসিস এ' ক'টি প্রধান।

কতিপয় দেশের প্রধান প্রধান উৎপন্ন দ্রব্য।
ভারতবর্ষ।

ভারতে জনমে গম নীল তুলা ধান,
আফিঙ রেশম কাফি নহে তাহা আন,
পাট চিনি চা আরও বিবিধ কলাই,
এর মত ফল-মূল অন্য দেশে নাই,
সুবর্ণ হীরক লৌহ আর মৃদঙ্গার,
পাওয়া যায় সু-প্রচুর আকরে ইহার।

চীন।

উৎপন্ন হয় চীনে তামাক রেশম,
ধান গম নীল ইহা রাখিবে স্মরণ,
চিনি পাট দীপ-তরু আর চীনেঘাস,
কর্পূর বার্ণিব-বৃক্ষ নানাবিধ বাঁশ,

আম লিচু ফল আর চা এখানে হয়,
স্বর্ণ রৌপ্য পারা এর আকরেতে রয়।

ইংলণ্ড।

ইংলণ্ডে গোধুম যব জন্মে ওট আর,
লৌহ তাম্র সীস টিন ধাতু মৃদঙ্গার,
আরও এখানে তুলা রেশমে পশমে
শিল্পজাত বহুবিধ সামগ্রী জনমে,
কাচময় পাত্র হয়, সাবান সুন্দর,
চর্ম্ম-বিনির্ম্মিত বস্তু জন্মে বহুতর।

সুইডেন।

সুইডেনে লৌহ তাম্র ধাতু পাওয়া যায়,
যব গম ওট শস্য জনমে হেথায়,
আরো বাহাদুরী কাঠ আছে এই স্থানে,
এই সমুদয় শিশো! সদা রেখ মনে।

ইউরোপীয় রুশিয়া।

রুশিয়ার শস্য-মধ্যে যব গম রাই,
আর শণ ওট হেথা দেখিবারে পাই,
দাড়িম্ব আপেল চেরি দ্রাক্ষা কুলফল,
প্লাটিনম স্বর্ণ তাম্র ধাতু এ সকল,
আরও উৎপন্ন হয় লৌহ মৃদঙ্গার,
মেটেতৈল নুণ ইহা জানা সবাকার।

ফ্রান্স।

ফ্রান্সেতে জনমে রাই ভুট্টা গম আদি,
তামাক কমলালেবু জলপাই প্রভৃতি,

রেশম পশম তূলা বীটমূল আর,
কয়লা লবণ লৌহ আকর-মাঝার ;
অরণ্যে জ্বালানি কাষ্ঠ বহু পরিমাণে
আছে, ইহা সর্ব্বক্ষণ রাখিবেক মনে।

স্পেন।

স্পেনে জন্মে যব গম ভূট্টা ধান তূলা,
দ্রাক্ষা ইক্ষু কর্ক তুত জলপাই কমলা,
এখানে প্রচুর রৌপ্য ছিল পূর্ব্বকালে,
কিন্তু বর্ত্তমানে তাহা অতি অল্প মিলে,
সীস তামা লৌহ আদি ধাতু পাওয়া যায়,
পারদ-খনিতে স্পেন বিখ্যাত ধরায়।

ইতালি।

ইতালিতে তূলা ধান রেশম খর্জ্জুর,
ভূট্টা গম চিনি দ্রাক্ষা জনমে প্রচুর,
জলপাই কমলালেবু আরো পাওয়া যায়,
এর মত মার্ব্বেল নাই ধরায় কোথায়।

ইউরোপীয় তুরস্ক।

তুরস্কেতে আকরিকে লৌহই প্রধান,
এখানে জনমে শণ গম ভুট্টা ধান,
তামাক রেশম চানা যব তূলা রাই,
রেউচিনি মধু মোম, বিদিত সবাই।

ইউনাইটেড্ ষ্টেট্স।

ভুট্টা গম তূলা আলু জনমে মার্কিনে,
চাউল তামাক আরো রাখিবে স্মরণে,

স্বর্ণ রৌপ্য লৌহ সীস টিন মৃদঙ্গার,
তাম্র ও বিস্তর আছে আকরে ইহার।

মেক্সিকো।

মেক্সিকো দেশেতে জন্মে ভুট্টা কাফি চিনি,
গম নীল তূলা আর কাষ্ঠ মেহগনি,
তামাক কদলী আদি নানাবিধ ফল,
ঔষধের উপযোগী উদ্ভিদ সকল,
মেক্সিকোর রৌপ্যখনি ভুবন বিখ্যাত,
পৃথিবীতে নাই রৌপ্যখনি এর মত।

কলম্বিয়া।

কলম্বিয়া দেশে জন্মে তূলা নীল চিনি,
কাফি ও কদলী ভুট্টা আর দারুচিনি,
প্লাটিনম তাম্র টিন কয়লা কনক,
সুন্দর-প্রস্তর লৌহ রজত হীরক।

ব্রাজীল।

ব্রাজীলে জনমে ইক্ষু তূলা কাফি গম,
মেহগ্নি তামাক ধান রাখিবে স্মরণ,
স্বর্ণ রৌপ্য তাম্র লৌহ আছে এইখানে,
জগতে ব্রাজীল খ্যাত হীরক-কারণে।

পৃথিবীস্থ প্রধান প্রধান দ্বীপের
নগর বিবরণ।

অষ্ট্রেলিয়া দ্বীপ-মাঝে স্থিত মেলবোরণ,
বিশেষ বিখ্যাত হয় বাণিজ্য-কারণ।

পশম-বাণিজ্য-তরে জিলং বিখ্যাত ;
বালারাট স্বর্ণ-ভূমি সকলেই জ্ঞাত।
নিউ সাউথ-ওয়েলসে সিড্‌নে সংস্থিত,
উহারই রাজধানী বলিয়া বিখ্যাত ;
এখান হইতে বহু স্বর্ণ ও পশম
বিদেশে প্রেরিত হয় রাখিবে স্মরণ।
হাবার্টটাউন, স্থিত তাসমেনিয়ায়,
রাজধানী বলি হয় বিখ্যাত ধরায়।
ওয়েলিংটন, নিউজীলণ্ডের রাজধানী ;
ডনিডিন্‌-মাঝে আছে সুবর্ণের খনি।
নিকোজিয়া সাইপ্রসে প্রধান নগর,
এখানে জনমে দ্রাক্ষা উৎকৃষ্টতর।
মানিলা নগর, সংস্থাপিত ফিলিপিনে,
বিশেষ বিখ্যাত হয় চুরট-কারণে।
সেলিবেসে মাকাসার, বাণিজ্যের স্থান ;
মলক্কসে আম্বয়না নগর প্রধান।
সুমাত্রার রাজধানী পদঙ নগর ;
বেঙ্কুলেন তথাকার বাণিজ্য-বন্দর।
যাবা-দ্বীপ-রাজধানী বতেবিয়া জান ;
সুরাবিয়া-সমরঙ্‌ বাণিজ্যের স্থান।
পালারমো সিসিলিতে প্রসিদ্ধ বন্দর,
দেখিতেও বটে ইহা অতীব সুন্দর।
শ্রীকুশা সিসিলি-দ্বীপ-পূর্ব্ব-রাজধানী,
কাল্‌তানিসেত্তাতে আছে গন্ধকের খনি।

কালিয়ারি, সার্দ্দিনিয়া-দ্বীপ-মাঝে স্থিত,
বিশ্ববিদ্যালয় আর বাণিজ্যে বিখ্যাত।
মল্টাদ্বীপ-রাজধানী বালেটা নগর,
রণপোত-আড্ডা-জন্য খ্যাত বরাবর।
ম্যাজর্কা দ্বীপেতে শ্রেষ্ঠ পালমা নগর,
সামুদ্র বন্দর বলি খ্যাত চরাচর।
পোর্ত্তমাহন, স্থিত মিনর্কার মাঝে,
প্রধান নগর বলি বিদিত সমাজে।
ইবীসা নগর স্থিত হয় ইবীসায়,
বন্দর ও ব্যবসায় বিখ্যাত ধরায়।
কেপবার্দ্দ-রাজধানী সিন্দেলো নগর;
আজোসের আঙ্গ্রা ইহা জানে চরাচর।
আইয়াচা কর্সিকার প্রধান নগরে,
সুবিখ্যাত বোনাপার্টি জন্মলাভ করে।
তৈবান নগর হাইনান দ্বীপে স্থিত,
তথায় হঙ্কঙ হয় ইংরাজাধিকৃত।
ফক্‌লণ্ড-দ্বীপ-মাঝে ষ্টান্‌লি সংস্থিত,
উহারাই রাজধানী বলি সুবিখ্যাত।
কলম্বো নগর লঙ্কা-দ্বীপ-রাজধানী,
বন্দর-বাণিজ্য-স্থান রাখিবেক জানি।
অষ্ট্রেলিয়া চীন আর ভারতবর্ষের—
কলের জাহাজ ধরে নিকটে গলের।
সিংহলের শেষ-রাজগণ-রাজধানী
কাণ্ডি নগর ছিল রাখিবেক জানি।

ভারতবর্ষের কতিপয় প্রয়োজনী জ্ঞাতব্য বিষয়।

ভারতবর্ষের পরিমাণ ফল ১৮,০০,০০০ বর্গ মাইলের উপর।

লোক সংখ্যা ২৮,৫০,০০,০০০ উপর।

সীমা—উত্তরে হিমালয় পর্ব্বত; পূর্ব্বে চীন, পূর্ব্ব-উপদ্বীপ ও বঙ্গসাগর; দক্ষিণে ভারত মহাসাগর; পশ্চিমে আরব সাগর, বেলুচিস্তান ও আফগানিস্তান।

প্রাকৃতিক বিভাগ।

বিন্ধ্যাচল ভারতবর্ষকে দুইভাগে বিভক্ত করিয়াছে, যথা;—আর্য্যাবর্ত্ত ও দাক্ষিণাত্য। বিন্ধ্যাচল হইতে হিমালয় পর্য্যন্ত ভূভাগ আর্য্যাবর্ত্ত এবং বিন্ধ্যাচল হইতে কুমারিকা অন্তরীপ পর্য্যন্ত তাবৎ ভূভাগ দাক্ষিণাত্য নামে অভিহিত।

আর্য্যাবর্ত্ত চারিভাগে বিভক্ত, যথা;—হিমালয় প্রদেশ, মধ্য-প্রদেশ, প্রাচ্য প্রদেশ ও প্রতীচ্য প্রদেশ।

আর্য্যাবর্ত্তের ন্যায় দাক্ষিণাত্য ও নর্ম্মদা প্রদেশ, গোদাবরী প্রদেশ, কৃষ্ণা প্রদেশ ও কাবেরী প্রদেশ এই চারিভাগে বিভক্ত।

বর্ত্তমান রাজ্য বিভাগ।

বর্ত্তমান সময়ে ভারত সাম্রাজ্য, বৃটিশ রাজ্য, করদ ও মিত্র রাজ্য, স্বাধীন রাজ্য ও অন্য ইউরোপীয় জাতির অধিকার এই চারিভাগে বিভক্ত।

বৃটিশ রাজ্য—ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি ১৬১৫ খৃঃ অব্দে সর্ব্ব প্রথম এদেশে একটী কুঠি নির্ম্মাণ করেন। ক্রমে ভারতবর্ষের অধিকাংশ ইঁহাদের হস্তগত হইয়াছে। সিপাহী-বিদ্রোহের পর ১৮৫৮ অব্দে মহারাণী বিক্টোরিয়া কোম্পানির হস্ত হইতে ইহার শাসনভার স্বয়ং গ্রহণ করেন। ১৮৭৭ অব্দে মহারাণী বিক্টোরিয়া "ভারতের রাজরাজেশ্বরী" উপাধি গ্রহণ করেন। এক্ষণে এই বৃটিশ সাম্রাজ্য নিম্নলিখিত রূপে বিভক্ত হইয়াছে, যথা;—বঙ্গদেশ, উত্তর-পশ্চিম ও অযোধ্যা প্রদেশ, পঞ্জাব প্রদেশ, বোম্বাই ও মান্দ্রাজ প্রেসিডেন্সি, আসাম, ব্রহ্ম প্রদেশ, মধ্য প্রদেশ, আজমীঢ়, মেহেরবরা, কুর্গ, বিরার বৃটিশ-বেলুচিস্তান, আন্দামান ও নিকোবর।

বঙ্গদেশ—বঙ্গদেশে ৪৮টী জেলা আছে, তন্মধ্যে মৈমনসিংহ, ২৪ পরগণা, মেদিনীপুর, যশোহর ও বাকরগঞ্জ এই কয়েকটী জেলা পরিমাণে সর্ব্বাপেক্ষা বৃহৎ এবং কলিকাতা, পাটনা, হাওড়া, ভাগলপুর, ঢাকা, গয়া, মুঙ্গের, কটক দারবঙ্গ ও ছাপরা এই কয়েকটী নগর সর্ব্বাপেক্ষা বৃহৎ।

উত্তর-পশ্চিম ও অযোধ্যা প্রদেশ—ইহাতে ৪৯টী জেলা আছে তন্মধ্যে কমায়ুন, গড়বাল, মীর্জাপুর, গোরক্ষপুর, বাঁদা, এলাহাবাদ ও বস্তী এই কয়েকটী জেলা এবং বেনারস, আগরা, এলাহাবাদ, কাণপুর, বেরিলি,

গিরাট, ফরক্কাবাদ, শাহজঁহাপুর, মীর্জাপুর ও মুরদাবাদ এই কয়েকটী নগর সর্ব্বাপেক্ষা বৃহৎ।

পঞ্জাব প্রদেশ—ইহাতে ৩২টী জেলা আছে। তন্মধ্যে কাঙ্গাড়া, ডেরাইস্মাইলখাঁ, রাবলপিণ্ডী, মুলতান, ঝঙ্গ ও শাহপুর এই কয়েটী জেলা ও দিল্লী, অমৃতসর, লাহোর, পেশাবর ও মুলতান এই কয়েকটী নগর সর্ব্বাপেক্ষা বৃহৎ।

বোম্বাই প্রেসিডেন্সি—ইহাতে ২৪টী জেলা আছে, তন্মধ্যে করাচী, খান্দেশ, অহমদনগর, নাসিক, পুণা, সাত্তার, ধারবার ও বিজাপুর এই কয়েকটী জেলা সর্ব্বাপেক্ষা বৃহৎ। আর বোম্বাই, অহমদাবাদ, সুরত, পুণা, করাচী, শোলাপুর, হয়দরাবাদ, শিকারপুর ও বরোচ এই কয়েকটী নগর সর্ব্বাপেক্ষা বৃহৎ।

মাদ্রাজ প্রেসিডেন্সি—ইহাতে ২২টী জেলা আছে, তন্মধ্যে বিশখ-পট্টনম্, গঞ্জাম, বল্লারী, নেল্লুর, মদুরৈ, কড়প ও কৃষ্ণা, এই কয়েকটী জেলা পরিমাণে সর্ব্বাপেক্ষা বৃহৎ। আর মাদ্রাজ, ত্রিরুচিনাপল্লী, তঞ্জাবুর, মদুরৈ, বল্লারী, শেলম ও কোরীকোট এই কয়েকটী নগর সর্ব্বাপেক্ষা বড়।

স্বাধীনরাজ্য—নেপাল ও ভোট।

অন্যান্য ইউরোপীয়জাতির অধিকার—চন্দননগর, পাঁদিচেরী, কারিকাল ও মাহে ফরাসীদের অধিকৃত। আর দমন, দিউ ও গোয়া পর্ত্তুগিজদিগের অধিকৃত।

করদ ও মিত্ররাজ্য—যে সকল রাজ্য ইংরেজদিগের অধিকৃত নহে, অথচ কোন না কোন প্রকারে তাঁহাদের বশতাপন্ন উহাদের নাম করদ ও মিত্ররাজ্য। ভারতবর্ষে এইরূপ ক্ষুদ্র ও বৃহৎ ছয় শতের উপর করদ ও মিত্ররাজ্য আছে। তন্মধ্যে নিম্নলিখিত গুলি প্রসিদ্ধ :—

ভারতবর্ষান্তর্গত প্রধান প্রধান মিত্ররাজ্যের নাম।

কাশ্মীর কপূরতলা বাহাবলপুর,
পাতিয়ালা রামপুর আর মণিপুর।
শিকিম উদয়পুর আর বিকানীর,
কৃষ্ণগড় ঝল্লবর টঙ্ক জশল্মীর।
ভূপাল ভরতপুর রীবাঁ জয়পুর,
যোধপুর ঢোলপুর পান্না ছত্রপুর,
বরদা শাবন্তবাড়ী কাম্বে মহীকান্ত,
ইন্দোর কলহপুর ধার বীরাকান্ত,
তিহরি খয়েরপুর আর ত্রিবাঙ্কুড়,
হয়দরাবাদ-রাজ্য কচ্ছ মহীশূর।
কোচিন গোয়ালিয়র পুদুকোট আর,
প্রসিদ্ধ এ মিত্ররাজ্য ভারত-মাঝার।

স্বর্ণাদি খনিজ দ্রব্য ভারতবর্ষের মধ্যে কোথায় কোথায় পাওয়া যায়।

হীরক।

কালুর সম্বলপুর বিশখপট্টন,
আরো গোদাবরী শিশো! রাখিবে স্মরণ;
বুন্দেলখণ্ডেতে—পান্না জেলার মাঝারে,
হীরে পাওয়া যায় বলি খ্যাত চরাচরে।

মুক্তা।

সিংহলের নিকটস্থ সাগর-মাঝারে,
মুকুতা আছয়ে সদা রেখ মনে ক'রে।

সুবর্ণ।

স্বর্ণ মিলে মহীশূর আর কমায়ুনে,
আরো বহু-নদী-মাঝে বালুকার সনে।

রৌপ্য ও তাম্র।

ভারতে মহুরা, রৌপ্য-খনি-জন্য খ্যাত;
গুড়গাঁও হিসার (১) তাম্র খনিতে বিখ্যাত।

লৌহ।

লবণ পাহাড় বঙ্গ কর্ণাট বেপুর,
কমায়ুন পোর্টনভ আর রায়পুর,
গুড়গাঁও বিলাসপুর কাঙ্গাড়া মণ্ডল,
আরও নৃসিংহপুর লৌহাকর-স্থল।

১। লবণ পাহাড়েও তাম্র পাওয়া যায়।

মৃদঙ্গার।

পালামৌ রাজমহল নাগপুর (১) আর
চিরাপুঞ্জি মধ্যদেশ খসিয়াপাহাড়,
বৈতুল ও রাণীগঞ্জ, গোদাবরী-কূলে,
বহু পরিমাণে শিশো! মৃদঙ্গার মিলে।

সোরা।

বেহার সারণ আর ত্রিহুত জেলায়,
ভারতবর্ষের মাঝে সোরা পাওয়া যায়।

সৈন্ধব ও অন্যান্য লবণ।

পঞ্জাবে সৈন্ধব; রণ-রাজপুতনায়—
অন্যান্য লবণ শিশো! বহু পাওয়া যায়।

ভারতবর্ষের প্রধান প্রধান পণ্য দ্রব্য।

রপ্তানি।

পাট তূলা নীল চিনি সোরা চর্ম্ম গম,
আতর গোলাপজল তণ্ডুল পশম,
ভারত হইতে আরো চা লাক্ষা শাল,
রপ্তানি ইংলণ্ড দেশে হয় চিরকাল।
সোরা ও আফিঙ্ বহু জনমি হেথায়,
উত্তরামেরিকা আর ফ্রান্স দেশে যায়।
আফিঙ্ তণ্ডুল সোরা চীন দেশে যায়;
শর্করা তণ্ডুল গণি (২) অষ্ট্রেলিয়ায়।

১। নাগপুর অর্থাৎ ছোটনাগপুর।
২। গণি অর্থাৎ মেহগণি কাষ্ঠ।

আমদানী।

মদ্য কাচ পরিচ্ছদ নানাবিধ কল,
কাগজ কলম কাঁচি ঔষধ সকল,
পমেটম ছুরি চাবি চীনের-বাসন,
সূতি-বস্ত্র নানারূপ-পশমী-বসন,
নানাবিধ গন্ধদ্রব্য সূঁচ সূতা আদি,
ভারতে ইংলণ্ড হ'তে আসে নিরবধি।
মার্কিণ হইতে আসে থানের কাপড়,
চা আসে চীন হ'তে জানে চরাচর।
আমেরিকা অষ্ট্রেলিয়া ইংলণ্ড আরব,
আরো উত্তমাশা হ'তে আসে অশ্ব সব।

ভারতবর্ষের শিল্পজাত দ্রব্য।

ফরেশডাঙ্গা চন্দ্রকোণা ঢাকা শান্তিপুর,
সূক্ষ্ম-সূতি বস্ত্রোৎপন্ন হয় সু-প্রচুর।
মুর্সিদাবাদ্ রাজসাহী মালদহে আর,
চিরকাল আছে রেশমী-বস্ত্র-কারবার।
বহরমপুর দিল্লী আরও আসামে,
হস্তিদন্তে নানাবিধ সামগ্রী জনমে।
কলিকট্টে জন্মে ভাল কেলিকো কাপড়,
বালুচরে বুটাদার চেলি মনোহর।
কটকে তারের ফুল আর অলঙ্কার,
গয়া বালেশ্বরে পাথরের কারবার।

ভাগলপুরে খেশ; আর বীরভূমে তসর,
মেদিনীপুরেতে জন্মে মাদুর সুন্দর।
কাশীতে জনমে সাড়ী; গাজীপুরে আতর;
মীর্জাপুর সহরে জন্মে গালিচা সুন্দর।
লুধিয়ানা গুজরাট অমৃতসহর,
আরও কাশ্মীরে শাল জন্মে মনোহর।
লাহোরী চাদর নামে পশমী কাপড়,
লাহোর নগরে জন্মে অতীব সুন্দর।

ভারতবর্ষান্তর্গত হিন্দুদিগের
তীর্থস্থান।

বাঙ্গালায় কালীঘাট গয়া চন্দ্রনাথ,
গঙ্গাসাগর সীতাকুণ্ড আর বৈদ্যনাথ,
উড়িষ্যায় জগন্নাথ, কামাখ্যা আসামে
অবস্থিত আছে, ইহা সকলেই জানে।
পঞ্চ প্রয়াগ (১) কাশী অযোধ্যা পুষ্কর,
বৃন্দাবন কুরুক্ষেত্র আর হরিদ্বার,

১। ভাগীরথী ও অলকনন্দার সঙ্গমস্থান দেবপ্রয়াগ; অলকনন্দা ও মন্দাকিনীর সঙ্গমস্থল রুদ্রপ্রয়াগ; অলকনন্দা ও পিণ্ডরের সঙ্গমস্থল নন্দপ্রয়াগ; অলকনন্দা ও ধৌলীর সঙ্গমস্থল বিষ্ণুপ্রয়াগ এবং গঙ্গা ও যমুনার সঙ্গমস্থল এলাহাবাদ বা প্রয়াগ; এই পঞ্চ প্রয়াগ।

উত্তর পশ্চিমাঞ্চলে মথুরাও তার
অবস্থিত আছে, ইহা জানা সবাকার।
পঞ্জাবেতে জালামুখী আর নন্দসর,
মান্দ্রাজে তঞ্জোর কাঞ্চী আর রামেশ্বর।
বোম্বাইয়ে সোমনাথ দ্বারকা নাশিক,
এই সব হিন্দুতীর্থ জানিবে সঠিক।

পরিশিষ্ট।

পৃথিবীস্থ প্রধান প্রধান আগ্নেয়পর্ব্বত।

এশিয়ায়—এওয়াট্‌সা, ফুশী, শিরোজামা; পিসান ও হাটিয়ান- (তিয়ানশানের শৃঙ্গ), যাবাদ্বীপে গলংগং।

ইউরোপে—সিসিলিদ্বীপে এট্‌না, ইটালির অন্তর্গত নেপল্‌সে বিসুবিয়স, আইসলণ্ড দ্বীপে হেক্‌লা, লিপারিপুঞ্জে ট্রম্বলি, নবজেম্বলাদ্বীপে সারিচেফ।

আফ্রিকায়—তেনারিফ কানেরি দ্বীপে।

আমেরিকায়—বিলারিকা, কতোপাক্সি, আন্টিসানা, পিচিঞ্চা, টিঙ্গারেগোয়া, টক্‌সলা, ওরিজাবা, পপকাটাপেটল্‌, জোরুলো, তোলিমা।

কতিপয় মহাসাগরে ও সাগরে পতিত নদীর নাম।

উত্তর মহাসাগরে—লেনা, ওবি, এনীসে এশিয়া হইতে; পেশোরা ইউরোপ হইতে; মেকেঞ্জি, কপরমাইন ও গ্রেটফিশ- নদী উত্তর আমেরিকা হইতে।

প্রশান্ত মহাসাগরে—ইয়াংসিকিয়াং এশিয়া হইতে; ওরিগণ, ফ্রেজর, উত্তর আমেরিকা হইতে।

ভূ-মধ্য সাগরে—ইব্রো, রোণ, তাইবর, আর্ণো, পো, ইউরোপ হইতে; নীল ও সেলিফ্‌ আফ্রিকা হইতে।

বঙ্গসাগরে—সালুয়েন, ইরাবতী, ব্রহ্মপুত্র, গঙ্গা, সুবর্ণরেখা, মহানদী, বৈতরণী, গোদাবরী, কৃষ্ণা, পেন্নার, কাবেরী ও ভিলার এশিয়া হইতে।

বাল্টিক-সাগরে—নিমেন, প্রেগল্, বিস্তুলা, ওডর, নেবা, কালীক্স, নিউটিয়া ও ডাল ইউরোপ হইতে।

আটলাণ্টিক মহাসাগরে—শানন্, দূবো, তেজো, গ্বাদালকিবীর, ও গ্বাদিয়ানা, ইউরোপ হইতে; সেনিগাল, গাম্বিয়া, রিউগ্রাণ্ডে, রোকেল, নীজর, কঙ্গো, কোয়াঞ্জা ও অরেঞ্জ নদী আফ্রিকা হইতে। হডসন্, সসকুইহানা উত্তর আমেরিকা হইতে। ওরিণোকো, এসিকীবো, আমাজন, পারা, সান্‌ফ্রান্সিস্কো দক্ষিণ আমেরিকা হইতে।

কৃষ্ণ-সাগরে—ডন্, দানিয়ুব, নীপর ও নিষ্টর, ইউরোপ হইতে।

কতিপয় সাগরের বিবরণ।

ভূমধ্য সাগর—ইহার দৈর্ঘ্য পূর্ব্ব পশ্চিমে ২৩০০ মাইল। গভীরতা ১২০০০ ফুট। জল অতিশয় লোণা, ইহার একদিকে স্পেন, ফ্রান্স, ইতালি, গ্রীস্ ও এশিয়া-মাইনর; অন্যদিকে মোরক্কো, আলজীরিয়া, তিউনিস, ত্রিপোলি ও মিসর এই কয়েকটী দেশ আছে। আলেকজান্দ্রিয়া, ত্রিপোলি, আলজিয়ার্স, জিব্রল্টর, বার্সিলোনা, বালেন্সিয়া, আলিকান্তে, মালাগা, মার্সেল, জেনোবা, সিবিতাবেচ্চিয়া, নেপোলি, পালারমো, কলিয়ারি ও বোনিফাসো এই নগরগুলি ইহার তীরের সমীপবর্ত্তী।

বাল্টিকসাগর—ইহার আয়তন বাঙ্গালার দেড়গুণ, রুশিয়া, প্রসিয়া ডেনমার্ক ও সুইডেন এই চারিটী দেশ এবং ষ্টক্‌হলম্ কালমার, কারলস্‌ক্রুণা, ডানজিগ্ এলবিঙ, মেমেল, কীল ও রীগা এই কয়েকটি নগর ইহার তীরে স্থিত।

কৃষ্ণসাগর—আয়াতন বাঙ্গালার প্রায় দ্বিগুণ, জল অপেক্ষাকৃত পরিষ্কার। রুশিয়া, রুমাণিয়া, বুলগেরিয়া, তুরস্ক ও এশিয়ামাইনর এই কয়েকটী দেশ এবং কনস্তান্তি-নোপল, বার্ণা, ওডেসা, শিবাস্তোপল, পতী, বাতুম, ত্রেবিজোন্দ্ ও সিনোপি এই কয়েকটি নগর ইহার তীরের সন্নিকট।

ভারতবর্ষ হইতে ইংলণ্ডে গমন করিবার
প্রধান তিনটী পথ।

১ম—যে সকল জাহাজ পাইলভরে কলিকাতা হইতে ইংলণ্ড-যাত্রা করে, তাহারা নিম্নলিখিত পথ দিয়া গমন করিয়া থাকে। হুগলী নদী, বঙ্গ সাগর, ভারত মহাসাগর, উত্তমাশা অন্তরীপ, আটলাণ্টিক মহাসাগর, বিস্কে-উপসাগর, সেণ্টজর্জ্জ প্রণালী, তৎপরে ইংলণ্ড।

২য়—ষ্টীমার সকল নিম্নলিখিত পথ দিয়া কলিকাতা হইতে ইংলণ্ডে গমন করিয়া থাকে :—

হুগলী নদী, বঙ্গ-সাগর, ভারত মহাসাগর, লঙ্কাদ্বীপস্থ গল-বন্দর, আরব-সাগর, আরব দেশস্থ আদন নগরের সমীপ, বাবেলমাণ্ডেব প্রণালী, লোহিত সাগর, সুয়েজ উপসাগর,

সুয়েজের খাল, ভূমধ্য সাগর, জিব্রল্টর প্রণালী, বিস্কেউপসাগর, সেণ্টজর্জ প্রণালী, তৎপরে সাউদামটনে পঁহুছে।

৩য়—কলিকাতা হইতে শীঘ্র ইংলণ্ডে গমন করিবার পথ;—হাওড়া হইতে ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়ের দ্বারা এলাহাবাদ, তৎপরে বোম্বে রেলওয়েতে দঃ পঃ মুখে জব্বলপুর ও ভোসোয়াল দিয়া বম্বে গিয়া ষ্টীমার যোগে আরব, আদননগর, লোহিতসাগর, সুয়েজ খাল, ভূমধ্যসাগর, আলেকজাণ্ড্রিয়া, তৎপরে ইটালিউপদ্বীপস্থ বিন্দিসিনগরে পঁহুছিয়া, ইটালি এবং ফ্রান্সরাজ্যের মধ্য দিয়া রেলওয়ে যোগে কালে নগরে উপস্থিত হইয়া, ষ্টীমার দ্বারা ডোবরপ্রণালী অতিক্রম পূর্ব্বক ডোবর নগরে উপস্থিত হইয়া, রেলওয়ে দ্বারা লণ্ডন নগরে যাইতে হয়।

ইংরাজদিগের বিদেশীয় অধিকার।

এশিয়ায়—ভারতবর্ষের প্রায় সমুদায়, পূর্ব্ব উপদ্বীপের কতক অংশ, সিংহল, সিঙ্গাপুর, পিনাঙ, হংকঙ, লাবুয়ান, আন্দামানদ্বীপপুঞ্জ এবং আদন নগর।

ইউরোপে—হেলিগোলণ্ড, জিব্রল্টর, মল্টা, গোজো, আইয়োনিয়ানদ্বীপপুঞ্জ।

আফ্রিকায়—সিরালিয়ন, কেপকোষ্ট, গাম্বিয়া, কেপ্‌কলনি, বৃটিশ-কাফ্রেরিয়া, সেণ্টহেলীনাদ্বীপ, আসেনশনদ্বীপ মরিশস্‌দ্বীপ ও বৃটিশ-পূর্ব্ব-আফ্রিকা।

আমেরিকায়—কানাডা, নোবাস্কোশিয়া, নিউব্রন্‌জুইক, কেপ-বৃটন, প্রিন্স-এড্‌য়োর্ডদ্বীপ, নিউফাউণ্ডলণ্ড, হন্দুরাস ও বক্ষুবরদ্বীপ।

কারিব সাগরে—জামেকা, বাহামা, আন্টিগুয়া বার্ব্বেডোস্, ডোমিনিসিয়া, গ্রানেডা, সেণ্টলুকাস্, টোবাগো, টর্টোলা, অঙ্গুইকা ও ত্রিনিদাদ্।

দক্ষিণ আমেরিকায়—গায়েনার কিয়দংশ ও ফক্‌লণ্ড দ্বীপপুঞ্জ।

সামুদ্রিকায়—অষ্ট্রেলিয়া, বাণ্ডিমনলণ্ড, নবজীলণ্ড, নর্ফোকদ্বীপ, ও অক্‌লণ্ডদ্বীপপুঞ্জ।

ফরাসিদিগের বিদেশীয় অধিকার।

এশিয়ায়—ভারতবর্ষের অন্তর্গত ফরাশডাঙ্গা, ইয়ানন, পঁদিচেরী, কারিকাল ও মাহে। পূর্ব্বউপদ্বীপে সেইগন, টঙ্কিন ও ফরাসিকোচিন। ভারত-মহাসাগরে—বুর্ব্বোঁ। ও তৎসমীপবর্ত্তী ক্ষুদ্র ক্ষুদ্র দ্বীপ। মদাগাস্করের কোন কোন অংশ।

কারিব সাগরে—গোয়াডিলোপ, মার্টিনিক্, সেণ্টমার্টিন ও মেরিয়াগালাণ্টিদ্বীপ। নিউফাউণ্ডলণ্ডের নিকটে মিকুইলন ও সেণ্টপেয়ার দ্বীপ।

দক্ষিণ আমেরিকায়—গায়েনার কিয়দংশ।

প্রশান্ত মহাসাগরে—মাকুইসস্‌পুঞ্জ। টাহিটি, নবকালিডোনিয়া ও অপরাপর কতকগুলি ক্ষুদ্র দ্বীপ।

—○:০:○—

সম্পূর্ণ।